# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 24, 1432 Bangla, April 07, 2026, Tuesday, No. 94, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has said that it is possible to build a new and strong relationship between Bangladesh and India if there is positive mindset. [Jago FM: 12]

Bangladesh's Foreign Minister Khalilur Rahman will hold meetings with Indian External Affairs Minister Dr S Jaishankar and other high-ups during his visit to India. [BBC: 03]

Health and Family Welfare Minister Sardar Md Sakhawat Hossain has strongly criticized previous governments for recent surge in measles outbreaks and vaccine shortages in country. [Jago FM: 15]

EC has announced that voting for reserved women's seats in 13th National Parliament will be held on May 12, election schedule to be declared on April 8. [Jago FM: 13]

Government has given directives for turning off lights at fairs, cultural programmes and billboards by 7 pm to save electricity and energy. [Jago FM: 15]

A court has ordered authorities concerned to conduct DNA tests of 3 retired army personnel suspected of involvement in murder of Comilla Victoria Govt. College student Sohagi Jahan Tonu. [BBC: 03]

A Bangladeshi youth named Md. Mizanur Rahman was shot dead by the Indian Border Security Force at border in Patgram upazila of Lalmonirhat. [Jago FM: 14]

Traders say that price of edible oil is increasing at a rapid pace in wholesale market of Khatunganj, Chittagong as a impact of Middle East war. [Jago FM: 13]

Iran has rejected a ceasefire proposal amid ongoing conflict with the United States and Israel. [BBC: 09]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

## দৈনিক মনিটরিং রিপোর্ট
### মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
### চৈত্র ২৪, বাংলা ১৪৩২, এপ্রিল ০৭, ২০২৬, মঙ্গলবার, নং- ৯৪, ৫৬তম বছর

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, ইতিবাচক মানসিকতা থাকলে বাংলাদেশ ও ভারতের মধ্যে একটি নতুন ও সুদৃঢ় সম্পর্ক গড়ে তোলা সম্ভব। [জাগো এফএম: ১২]

পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান ভারত সফরে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর এবং অন্যান্য শীর্ষ নেতাদের সঙ্গে বৈঠকে বসবেন । [বিবিসি: ০৩]

দেশে বর্তমানে হামের প্রাদুর্ভাব বৃদ্ধি ও টিকার সংকটের জন্য জাতীয় সংসদে পূর্ববর্তী সরকারগুলোর কড়া সমালোচনা করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। [জাগো এফএম: ১৫]

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ১২ মে। আগামী ৮ এপ্রিল তফশিল ঘোষণা করবে নির্বাচন কমিশন। [জাগো এফএম: ১৩]

বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে মেলা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিলবোর্ডের বাতি সন্ধ্যা ৭টার মধ্যে বন্ধের নির্দেশ দিয়েছে সরকার। [জাগো এফএম: ১৫]

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের শিক্ষার্থী সোহাগী জাহান তনু হত্যার সন্দেহভাজন সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত তিনজন সদস্যের ডিএনএ পরীক্ষার নির্দেশ দিয়েছেন আদালত। [বিবিসি: ০৩]

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলার সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের গুলিতে মো. মিজানুর রহমান নামে এক বাংলাদেশি যুবক গুলিবিদ্ধ হয়েছেন। [জাগো এফএম: ১৪]

ব্যবসায়ীরা বলছেন , মধ্যপ্রাচ্য যুদ্ধের প্রভা বে চট্টগ্রামের খাতুনগঞ্জের পাইকারি বাজারে হু হু করে বাড়ছে ভোজ্যতেলের দাম। [জাগো এফএম: ১৩]

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সাথে চলমান সংঘাতের মধ্যে যুদ্ধবিরতির প্রস্তাব প্রত্যাখ্যান করেছে ইরান। [বিবিসি: ০৯]

# বিবিসি

## তারেক রহমানের ভারতীয় হাইকমিশনারের সৌজন্য সাক্ষাৎ

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা। সোমবার সকালে বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিপরিষদ সভাকক্ষে উভয়ের এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি জাহিদুল ইসলাম রনির বরাত দিয়ে এই তথ্য জানিয়েছে বাংলাদেশ সংবাদ সংস্থা- বাসস।( বিবিসি ওয়েব পেজ: ০৬.০৪.২০২৬ রনি)

## তনু হত্যার দশ বছর পর তিন সেনা সদস্যের ডিএনএ পরীক্ষারনির্দেশ আদালতের

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের শিক্ষার্থী সোহাগী জাহান তনু হত্যার ১০ বছর পর সন্দেহভাজন সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত তিনজন সদস্যের ডিএনএ পরীক্ষার নির্দেশ দিয়েছেন আদালত। কুমিল্লার চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মো. মুমিনুল হক এ আদেশ দেন বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন বা পিবিআই-এর তদন্ত কর্মকর্তা মো. তরিকুল ইসলাম। তনু হত্যার মামলার তদন্ত অগ্রগতি জানাতে সোমবার সকালে আদালতে হাজির হতে তদন্ত কর্মকর্তাকে নির্দেশ দিলে, মামলার অগ্রগতির বিষয়ে তথ্য তুলে ধরেন পিবিআইয়ের তদন্ত কর্মকর্তা মি. ইসলাম। তবে, সেনাবাহিনীর যে কর্মকর্তাদের সাথে ডিএনএ মেলানোর নির্দেশ দেওয়া হয়েছে, তাদের সবাই অবসরে রয়েছেন। একইসঙ্গে তাদের পরিচয়ও জানানো হয়নি। আদালত সূত্রে জানায়, তনু হত্যা মামলার তদন্তের অগ্রগতি জানতে সম্প্রতি কুমিল্লার সংশ্লিষ্ট আদালত থেকে পিবি আইকে চিঠি দেওয়ার পরই সোমবার ওই তদন্ত কর্মকর্তা আদালতে হাজির হয়ে মামলার তদন্তের বিষয়ে আদালতে লিখিত প্রতিবেদন দেন। এতে বিচারক সন্দেহভাজন ৩ জনের ডিএনএ করার নির্দেশ দেন। তদন্তকারী কর্মকর্তা পিবিআই-ঢাকার পরিদর্শক মো. তরিকুল ইসলাম জানান, আগেই তনুর ব্যবহারের কিছু কাপড় থেকে ৩ জন ব্যক্তির ডিএনএ প্রোফাইল করা হয়। এগুলো পরে আর ম্যাচিং করা হয়নি। তাই আজ আদালত বলেছেন, সন্দেহভাজন তিনজনের ডিএনএ টেস্ট করতে। ২০১৬ সালের মার্চ মাসে কুমিল্লা সেনানিবাসের ভেতরে থেকে তনুর মৃতদেহ উদ্ধার করা হয়। তাকে ধর্ষণের পর হত্যা করা হয় বলেও প্রাথমিক তদন্তে প্রতীয়মান হয়েছিল।(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৪.২০২৬ এলিনা)

## বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে একই বিমানে মরিশাসে যাচ্ছেন জয়শংকর

প্রথমে দিল্লিতে দু-দিনের দ্বিপাক্ষিক সফর, যেখানে ভারতের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে তার আনুষ্ঠানিক বৈঠক হবে। বাংলাদেশের নতুন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান, তারপর ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকরের সঙ্গে একই বিমানে চেপে মরিশাসে যাচ্ছেন একটি আন্তর্জাতিক কনফারেন্সে যোগ দিতে। ৯ এপ্রিল সকাল ৮টা থেকে এয়ার মরিশাসের ওই বাণিজ্যিক বিমানে একটানা সাত-আট ঘণ্টার ওই দীর্ঘ সফরেও দুই পররাষ্ট্রমন্ত্রীর মধ্যে একান্তে কথাবার্তা বলার বিস্তর সুযোগ থাকবে যথারীতি। বিশেষ করে, মাত্র দুই-তিনমাস আগেও যে ঢাকার সঙ্গে দিল্লির সম্পর্কে রীতিমতো অস্বস্তি আর শীতলতা ছিল, সে দেশের নতুন পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে মি জয়শংকরের একসাথে দীর্ঘ বিমানযাত্রার সিদ্ধান্তই বলে দেয়, দুই দেশই তাদের সম্পর্ক 'রিক্যালিব্রেট' করতে চাইছে। বিবিসি জানতে পেরেছে, ৭ এপ্রিল দিল্লিতে পা রাখার পর ৯ এপ্রিল সকালেই দিল্লি থেকে খলিলুর রহমান সরাসরি মরিশাসের উদ্দেশ্যে রওয়ানা হবেন, যেখানে তিনি নবম ইন্ডিয়ান ওশান কনফারেন্সে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবেন। একই বিমানে যাবেন মি. জয়শংকরও। দুই দেশের কর্মকর্তারাই বিষয়টি বিবিসির কাছে নিশ্চিত করেছেন। ওই সম্মেলন যৌথভাবে আয়োজন করেছে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় আর দিল্লির শীর্ষ স্থানীয় থিংকট্যাঙ্ক 'ইন্ডিয়া ফাউন্ডেশন' আর ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর নিজেও সেখানে যোগ দিচ্ছেন। এই ইন্ডিয়া ফাউন্ডেশনের প্রেসিডেন্টের পদে আবার আছেন আরএসএস তথা বিজেপি নেতা রাম মাধব। সুতরাং, দিল্লির পরে মরিশাসেও আবার দু-দেশের পররাষ্ট্রমন্ত্রীর ও কর্মকর্তাদের মধ্যে কথাবার্তা বলার সুযোগ থাকবে। অন্যভাবে বললে, দিল্লিতে মাত্র আটচল্লিশ ঘণ্টার কম সময় অবস্থান করলেও, খলিলুর রহমানের 'ভারত সফর' কার্যত চার-পাঁচদিনের মেয়াদ পেতে চলেছে, যার কূটনৈতিক ও রাজনৈতিকভাবে বিশেষ গুরুত্বপূর্ণ।

### নরেন্দ্র মোদীর সাথে বৈঠক নিশ্চিত নয়

বাংলাদেশে তারেক রহমানের নেতৃত্বে বিএনপি সরকার দায়িত্ব নিয়েছে ঠিক মাস দেড়েক হলো। ওই সরকার ক্ষমতায় আসার পর প্রথম কোনো হাই-প্রোফাইল দ্বিপাক্ষিক সফরে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান আগামী ৭ এপ্রিল (মঙ্গলবার) দিল্লিতে আসছেন। দিল্লিতে পা রাখার পরদিনই (৮ এপ্রিল) তিনি একের পর এক বৈঠকে বসবেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল এবং পেট্রোলিয়াম মন্ত্রী হরদীপ সিং পুরীর সঙ্গে। ড. রহমানের এই সফরটিকে ভারতও অত্যন্ত গুরুত্ব দিচ্ছে, তবে প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর কোনো বৈঠক হবে কিনা, তা পরিষ্কার নয়। বিবিসি জানতে পেরেছে, ভারতের বাণিজ্যমন্ত্রী পীযূষ গোয়েলের সঙ্গেও ড. রহমানের আলাদা একটি বৈঠক আয়োজনের জন্য বাংলাদেশের পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে। তবে সেটি শেষ পর্যন্ত হবে কি না, তা নিশ্চিত নয়। ভারতের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে এই সফর নিয়ে

এখনো কোনো বিবৃতি আসেনি। তবে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সূত্রগুলো আভাস দিচ্ছে, গঙ্গা চুক্তি নবায়নের আলোচনা শুরু করা, বিভিন্ন কানেক্টিভিটি প্রকল্পের অগ্রগতি, ভারত থেকে জ্বালানি সরবরাহ এবং পারস্পরিক বাণিজ্য সুবিধাগুলো পুনর্বহাল করার ব্যাপারে এই সফরে কথাবার্তা হবে বলে ধারণা করা হচ্ছে।

বাংলাদেশের একটি শীর্ষ কূটনৈতিক সূৎর আবার বিবিসিকে বলেছেন, "বলতে পারেন, এটা হলো দু'পক্ষের পরস্পরকে বোঝার সফর!„ বস্তুত, বাংলাদেশে শেষবারের মতো একটি বিএনপি সরকার ক্ষমতায় ছিল প্রায় কুড়ি বছর আগে এবং খালেদা জিয়ার নেতৃত্বাধীন সেই সরকারে গুরুত্বপূর্ণ শরিক ছিল জামায়াতে ইসলামী। তবে সেই সরকারের সঙ্গে ভারতের সুসম্পর্ক ছিল, তা কিছুতেই বলা যাবে না। গত দুই দশকে গঙ্গা ও পদ্মা নিয়ে অনেক জল গড়িয়েছে, ভারতের ব্যাপারে বিএনপির রাজনৈতিক অবস্থানেও অনেক ওঠাপড়া দেখা গেছে। তারেক রহমানের সরকারে জামায়াতও শরিক নয়, বরং তারা এখন প্রধান বিরোধী দলের ভূমিকায়। এই পরিবর্তিত পরিস্থিতিতে নতুন একটি বিএনপি সরকারের সঙ্গে ভারতের ঠিক কী ধরনের সম্পর্ক গড়ে ওঠে, সেই প্রশ্নের নিরিখেই খলিলুর রহমানের এই সফর আলাদা তাৎপর্য বহন করছে। বাংলাদেশের দিক থেকে এই সফরের প্রস্তুতি সম্পন্ন করতে দিল্লিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত রিয়াজ হামিদুল্লাহ্ও সংক্ষিপ্ত সফরে ঢাকায় গিয়েছিলেন, তিনিও রবিবার (৫ই এপ্রিল) দিল্লি ফিরে এসেছেন।

**'সম্পর্কের গতিপথে কোর্স কারেকশন'**

ভারতের সাবেক পররাষ্ট্র প্রতিমন্ত্রী ও বিজেপির প্রাক্তন এমপি এম জে আকবর নরেন্দ্র মোদী সরকারের প্রথম মেয়াদে বাংলাদেশ সংক্রান্ত অ্যাফেয়ার্স দেখাশুনা করতেন, এখনো অলিখিতভাবে সরকারের তরফে তিনি বাংলাদেশের বিভিন্ন মহলে যোগাযোগ রাখেন। মি. আকবর বিশ্বাস করেন, দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে একটা যে 'কোর্স কারেকশন' বা গতিপথ পাল্টানোর দরকার, সেটা দুইপক্ষই উপলব্ধি করছে এবং খলিলুর রহমানের এই দিল্লি সফর সেই বাস্তবতারই প্রতিফলন। তিনি বিবিসি বাংলাকে বলছিলেন, "আমি বলব, দুইপক্ষের মধ্যেই এই সচেতনতা তৈরি হয়েছে যে, মাঝের বেশ কিছুদিন সম্পর্কের ক্ষেত্রে একটা বিরাট 'ডিসরাপশন' লক্ষ্য করা গেছে, যা কারোরই উপকারে আসেনি।„ "দুর্ভাগ্যজনকভাবে বাংলাদেশে কিছু এলিমেন্ট, তারা নিজেদের শক্তিকে ফুলিয়ে-ফাঁপিয়ে দেখিয়ে এই সম্পর্কটাকে বিগড়ে দেওয়ার কাজ করেছে। তবে সুখবর হলো, দুইপক্ষই এখন অনুধাবন করেছে এটা পাল্টানো দরকার,„ বলছিলেন মি. আকবর। এম জে আকবর যে মুহাম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকারের আমলে জামায়াতে ইসলামীর প্রভাবের দিকেই ইঙ্গিত করছেন, তা তার কথায় ছিল স্পষ্ট। খলিলুর রহমানের এই সফর আগামী দিনে খুব শিগ্গিরই প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফরের পথও প্রশস্ত করবে বলে তার ধারণা। তবে তারেক রহমান তার প্রথম বিদেশ সফরের গন্তব্য হিসেবে ভারতকে বেছে নেবেন, না কি চীন, আমেরিকা বা সৌদি আরবের মতো অন্য কোনো দেশে যাবেন, সেটা এখনো নিশ্চিত নয়।

**'এখন দেনা-পাওনার হিসেবের সময়'**

গত তিন-চারমাসে ভারত সরকারের সর্বোচ্চ পর্যায় থেকে তারেক রহমান তথা বিএনপি নেতৃত্বের প্রতি ভারত যেভাবে প্রকাশ্য আউটরিচ করেছে, সেটা নির্দিষ্ট কিছু 'প্রতিশ্রুতির' বিনিময়েই ঘটেছে বলে ভারতে কোনো কোনো পর্যবেক্ষকের বিশ্বাস। ঢাকায় ভারতের সাবেক হাইকমিশনার পিনাকরঞ্জন চক্রবর্তী এই দলেই পড়েন এবং তিনি বিশ্বাস করেন, এখন বিএনপি সরকারের সেই সব প্রতিশ্রুতি রক্ষার পালা। বিবিসিকে তিনি বলছিলেন, "আমি যতদূর জানি, বাংলাদেশ এই সফরে আনুষ্ঠানিকভাবে অন্তত তিনটা দাবি জানাবে- এক, সীমান্তে বিএসএফের হাতে হত্যা বন্ধ করা, জল চুক্তি নিয়ে আলোচনা শুরু করা আর বাণিজ্য সুবিধাগুলো প্রত্যাহার করা।„ "তা ছাড়া পশ্চিম এশিয়া পরিস্থিতির কারণে বাংলাদেশ যে জ্বালানি সংকটে ভুগছে, তার জন্য বিদ্যমান চুক্তির আওতায় ভারতের কাছ থেকে অতিরিক্ত ডিজেলও কিনতে চাওয়া হবে অবধারিতভাবে।„ মি. চক্রবর্তী সেই সঙ্গেই বলছেন, 'ভারতও যেহেতু সম্পর্ক স্বাভাবিক করতে চায়', তাই এই সব দাবি বা অনুরোধে ইতিবাচক মনোভাবই দেখানো হবে, কিন্তু সেই সঙ্গে ভারতেরও অবশ্যই কিছু পাল্টা দাবি থাকবে। "যেমন ডিজেল আমরা অবশ্যই দেব। কিন্তু কানেক্টিভিটি প্রকল্পগুলো আপনাদের খুলতে হবে- আগরতলা-আখাউড়া রেল সংযোগের মতো যে কাজগুলো থমকে আছে, সেগুলো দ্রুত শুরু করতে হবে।„ "তা ছাড়া পাকিস্তানের সঙ্গে আপনারা যত খুশি ব্যবসা-বাণিজ্য করুন আপত্তি নেই, কিন্তু তাদের কোনো স্ট্র্যাটেজিক স্পেস দেওয়া চলবে না। এই প্রশ্নটায় ভারত বিন্দুমাত্র আপোশ করবে না,„ বলছিলেন ভারতের এই সাবেক শীর্ষস্থানীয় কূটনীতিবিদ। ফলে খলিলুর রহমানের আসন্ন ভারত সফরে দুইপক্ষ কার কাছে ঠিক কী চাইছে, সেটা পরিষ্কার করে দেওয়া হবে বলেই তিনি মনে করছেন।

**বাণিজ্য সুবিধাগুলো পুনর্বহাল হবে?**

পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের ভারত সফরে দুই দেশের যে পারস্পরিক বাণিজ্য সুবিধাগুলো গত দেড় বছরে প্রত্যাহার করা হয়েছে, তা পুনর্বহাল করার বিষয়েও আলোচনা হবে বলে ধারণা করা হচ্ছে। দিল্লির থিংকট্যাঙ্ক আরআইএস-এর অধ্যাপক ও অর্থনীতিবিদ প্রবীর দে বলছিলেন, "দিল্লি বিমানবন্দর নিয়ে বাংলাদেশের গার্মেন্ট প্রস্তুতকারকরা বিদেশে পণ্য পাঠানোর যে ট্রান্সশিপমেন্ট সুবিধা পেতেন, সেটা তুলে নেওয়ায় তাদের সমস্যা অনেক বেড়ে গেছে।„ "এখন তারা

পণ্য পাঠাচ্ছেন মালদ্বীপ বা দুবাই হয়ে, যা অনেক বেশি ব্যয়বহুল ও সময়সাপেক্ষ। তা ছাড়া স্থল সীমান্ত দিয়েও পণ্য ঢুকতে দেওয়া হচ্ছে না, সেগুলো অ্যালাউ করা হচ্ছে একমাত্র মুম্বাইয়ের নওসেভা সমুদ্রবন্দর দিয়ে, যেটা তাদের জন্য অনেক ঘুরপথ।„ ফলে বাংলাদেশের তরফে এই সুবিধাগুলো এখন ফেরত চাওয়া হবে বলেই তিনি ধারণা করছেন। ড. দে বিবিসিকে আরও বলছিলেন, বাংলাদেশের নতুন সরকার যাতে 'সার্ককে, জিইয়ে তোলার ওপর জোর না দিয়ে 'বিমসটেক'-কে বেশি গুরুত্ব দেয়- ভারত কিন্তু সেটাই প্রত্যাশা করবে। "মনে রাখবেন, বিমসটেকের বর্তমান চেয়ার কিন্তু বাংলাদেশ। কিন্তু জোটের চেয়ার হিসেবে তাদের যে বৈঠকগুলো আহ্বান করার কথা, গত এক বছরে তার একটাও প্রায় করা হয়নি।„ "ড. ইউনূস বিমসটেককে উপেক্ষা করে শুধু সার্ককে পুনরুজ্জীবিত করার কথাই বলে গেছেন, যেটা ভারতের পক্ষে সহজবোধ্য কারণেই মেনে নেওয়া সম্ভব নয়।„ "চেয়ার হিসেবে বাংলাদেশের মেয়াদের আরো এক বছর বাকি। এই সময়টায় যাতে তারা বিমসটেকে গুরুত্ব আরোপ করে এবং তাদের দায়িত্বগুলো সম্পাদন করে, আমি নিশ্চিত, দিল্লির দিক থেকে তার জন্য চাপ থাকবে,„ বলছিলেন ওই অর্থনীতিবিদ। ফলে সামগ্রিকভাবে খলিলুর রহমানের আসন্ন ভারত সফর যে-কোনো অর্থেই নিছক রুটিন সফর হবে না বরং আলোচনার ধারে ও ভারে তা গুরুত্বপূর্ণ কূটনৈতিক বার্তা বহন করবে, সেই লক্ষণ একেবারে স্পষ্ট।

(বিবিসি ওয়েব পেজ : ০৬.০৪.২০২৬ আলী আহমেদ)

## সিসিটিভির হার্ড ড্রাইভ পরিবর্তনের অভিযোগ, কী হয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের একটি ক্লোজ সার্কিট টেলিভিশন বা সিসিটিভির ফুটেজ থাকা একটি হার্ড ড্রাইভ পরিবর্তনের অভিযোগ নিয়ে নতুন করে আলোচনা তৈরি হয়েছে। একজন প্রসিকিউটর অভিযোগটি সত্যি বলে জানালেও, আরেকজন প্রসিকিউটর বিবিসি বাংলাকে বলেছেন, এমন কোনো ঘটনাই ঘটেনি। এর আগে, ট্রাইব্যুনালের সাবেক এক প্রসিকিউটরের বিরুদ্ধে এক কোটি টাকা ঘুস দাবির অভিযোগে ওঠার পর, তা নিয়ে এখনো তদন্ত করছে চিফ প্রসিকিউটরের নেতৃত্বে গঠিত একটি কমিটি। আওয়ামী লীগ সরকারের আমলে ২০১০ সালে একাত্তরের মানবতাবিরোধী অপরাধের বিচার করার জন্য এই আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল গঠন করা হয়। ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনা সরকারের পতনের পর এই ট্রাইব্যুনালেই চব্বিশের মানবতাবিরোধী অপরাধ মামলার বিচার শুরু হয়। প্রথমে একটি ট্রাইব্যুনালে বিচারিক কার্যক্রম চললেও পরে আরেকটি ট্রাইব্যুনাল গঠন করা হয়। চলতি বছর ফেব্রুয়ারির নির্বাচনের মাধ্যমে নতুন সরকার ক্ষমতায় আসার পরপরই ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর তাজুল ইসলামকে সরিয়ে দিয়ে আমিনুল ইসলামকে নতুন চিফ প্রসিকিউটর নিয়োগ দেওয়া হয়েছে। তখন থেকেই কয়েকজন প্রসিকিউটরকে ঘিরে একের পর এক অভিযোগ আর হার্ড ড্রাইভ বিতর্ক নানা আলোচনার জন্ম দিয়েছে। যদিও, সম্প্রতি এক বিবৃতিতে প্রসিকিউশনের সদস্যের বিরুদ্ধে ওঠা দুর্নীতির অভিযোগ অস্বীকার করে বিবৃতি দিয়েছেন সাবেক চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম।

### সিসিটিভি হার্ডড্রাইভ বিতর্ক

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউটরদের একজন তানভীর হাসান জোহা গত ১ এপ্রিল সাংবাদিকদের হার্ড ড্রাইভ পরিবর্তনের কথা জানিয়েছিলেন। তিনি তখন বলেছিলেন, "সিস লকগুলোতে যে হার্ড ড্রাইভগুলো থাকার কথা ছিল, পুরোনো নতুন কিছু হার্ড ড্রাইভ সংযোজিত বিয়োজিত হয়েছে। এটা তদন্তাধীন বিষয়। এটা আমরা ফ্যাক্টস ফাইন্ডিং কমিটিকে অবহিত করেছি। ফ্যাক্টস ফাইন্ডিং কমিটি থেকে বাকি ব্যবস্থাগুলো গ্রহণ করা হবে।„ তানভীর হাসান জোহা আজ সোমবার বিবিসি বাংলাকে বলেছেন, "ট্রাইব্যুনালের সিসিটিভির ফুটেজ যে-সব হার্ড ড্রাইভে সংরক্ষিত ছিল, তার একটিতে পরিবর্তনের ঘটনাটি ঘটেছে।„ জানা গেছে, ট্রাইব্যুনালের সিসিটিভিগুলোর মোট হার্ড ড্রাইভের সংখ্যা ছিল ১৩টি। এর কোনো কোনোটি খোলা এবং বন্ধ করা হয়েছে। আর একটি খুঁজে পাওয়া যায়নি এবং সেখানে আরেকটি হার্ড ড্রাইভ রাখা হয়েছে। আবার এই ঘটনাটি আবার প্রকাশ হয়েছে প্রসিকিউটর গাজী মোনাওয়ার হুসাইন তামীমের বিরুদ্ধে প্রসিকিউশনের সদস্য বি এম সুলতান মাহমুদ গত ২৩ ফেব্রুয়ারি সামাজিক মাধ্যমে আর্থিক দুর্নীতির অভিযোগ তোলার পর। তিনি ওই অভিযোগ যেদিন তুলেছিলেন, সেদিনই সরকার চিফ প্রসিকিউটরের পদ থেকে তাজুল ইসলামকে সরিয়ে আমিনুল ইসলামকে নিয়োগ দিয়েছিল। মি. মাহমুদ অভিযোগ করেছিলেন যে, "গত বছর নভেম্বরের শেষ দিকে আশুলিয়ার লাশ পোড়ানো মামলার আসামি আফজালের (এসআই শেখ আবজালুল হক, যিনি এ মামলায় রাজসাক্ষী হয়ে আদালতের ক্ষমা পান) বউ সন্ধ্যার দিকে ভারী ব্যাগ নিয়ে তামিমের (গাজী মোনাওয়ার হুসাইন তামীম) রুমে প্রবেশ করে। বিষয়টি আমরা দেখার পরে সঙ্গে সঙ্গে তাজুল ইসলামের (সাবেক চিফ প্রসিকিউটর) রুমে গিয়ে তাকে জানাই।„ ""এই ঘটনায় কোনো ব্যবস্থা নেওয়া হয়নি, বরং উল্টো আমাদের বকাঝকা করে। তামিম তখন সবার সামনে স্বীকার গিয়েছিল হ্যাঁ, আফজালের বউ তার রুমে এসেছিল। চিফ প্রসিকিউটর শুধু জিজ্ঞেস করেছিলেন আসামির বউ কেন তার রুমে গিয়েছিল। শুধু এই জিজ্ঞাসা করা পর্যন্তই সীমাবদ্ধ ছিল। পরবর্তীতে সেই আফজালকে রাজসাক্ষী করা হলো। চূড়ান্ত বিচারে তাকে খালাস দেয়া হলো।„

এ ধরনের আরও কিছু অভিযোগ তিনি সামাজিক মাধ্যমে তোলার পর, বিষয়টি যাচাই-বাছাইয়ের জন্য অনেকেই সিসিটিভি ফুটেজ সংগ্রহ করতে রেজিস্ট্রারের কক্ষে যাওয়ার পরই হার্ড ড্রাইভ পরিবর্তনের তথ্য বের হয়ে আসে। যদিও সিসিটিভি ব্যবস্থাপনার দায়িত্বে থাকা পুলিশের বিশেষ শাখার রেজিস্ট্রারে থাকা তথ্য অনুযায়ী, হার্ড ড্রাইভটি নষ্ট হওয়ায় গত বছর ১৩ অক্টোবর পরিবর্তন করা হয়েছে বলে উল্লেখ করা হয়েছে। এরপর চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম ঘটনাটি যাচাই করার জন্য সাইবার বিশেষজ্ঞ হিসেবে প্রসিকিউশনের সদস্য তানভির হাসান জোহাকে নির্দেশ দেন। মি. জোহা বিবিসি বাংলাকে বলেছেন, তিনি এ সম্পর্কিত তথ্য চিফ প্রসিকিউটরকে জানিয়েছেন এবং 'ফ্যাক্টস ফাইন্ডিং কমিটি এ নিয়ে কাজ করছে'। যদিও প্রসিকিউটর গাজী মোনাওয়ার হুসাইন তামীম বিবিসি বাংলাকে বলছেন যে, সিসিটিভি ফুটেজ গায়েব হওয়ার কোনো ঘটনাই ঘটেনি। এমনকি তার কক্ষে আসামির স্ত্রীর ভারী ব্যাগ নিয়ে প্রবেশের যে অভিযোগ এসেছে, তাও তিনি প্রত্যাখ্যান করেছেন। "এমন কোনো ফুটেজ গায়েব হয়নি। হার্ড ড্রাইভ এসবি নিয়ন্ত্রণ করে। তাদের কাছে থাকা রেকর্ড অনুযায়ী ট্রাইব্যুনালের গার্ডেনের একটিতে ১৪ দিনের রিজারভেশন ক্যাপাসিটি ছিল। সেটি পরিবর্তন করে ২১ দিনের রিজারভেশন ক্যাপাসিটি করা হয়েছে। এগুলো নিয়ে অভিযোগও কেউ করেনি, কোনো তদন্তও হচ্ছে না। আমার রুমে ভারী ব্যাগ নিয়ে আসার বিষয়েও এখন পর্যন্ত কোনো লিখিত অভিযোগ আসেনি„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। তানভীর হাসান জোহা অবশ্য বলছেন যে, "হার্ড ড্রাইভ রিপ্লেসের (প্রতিস্থাপন বা বদলানো) ঘটনা ঘটেছে।„ এগুলো ছাড়াও আরও কয়েকটি মামলার বিষয়েও প্রশ্ন তুলেছিলেন প্রসিকিউটর বি এম সুলতান মাহমুদ।

এসব ঘটনার পর ট্রাইব্যুনালের তদন্ত সংস্থার কার্যক্রম নিয়েই নানা আলোচনা হচ্ছে। বিশেষ কিছু মামলায় বিশেষ কিছু সুবিধা দেওয়ার বিষয়টি এক্ষেত্রে আলোচনায় এনেছেন মি. মাহমুদ। এর মধ্যে, মানবতাবিরোধী অপরাধের মামলায় কারাবন্দি এক আওয়ামী লীগ নেতাকে জামিনে মুক্তি পাইয়ে দেওয়ার জন্য পরিবারের কাছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের একজন প্রসিকিউটরের এক কোটি টাকা ঘুস চাওয়ার অভিযোগে একটি অডিও রেকর্ড গত ১০ মার্চ সংবাদ মাধ্যমে ফাঁস হলে, তা ব্যাপক আলোচনার জন্ম দেয়। সেদিনই এ বিষয়ে একটি ফ্যাক্টস ফাইন্ডিং কমিটি গঠন করেছিল চিফ প্রসিকিউটরের কার্যালয়। তবে বিবিসি বাংলা সেই অডিও রেকর্ড যাচাই করতে পারেনি। যার বিরুদ্ধে ঘুস চাওয়ার অভিযোগ উঠেছে, সেই ব্যক্তি মো. সাইমুম রেজা তালুকদার তার আগেই পদত্যাগ করেছিলেন। মি. তালুকদার তার বিরুদ্ধে আনা অভিযোগ অস্বীকার করে বিবিসি বাংলাকে বলেছিলেন, "সরকার আইনি প্রক্রিয়ায় গেলে, সেটি ফেইস করবো।„ ঘুস দাবির এই অভিযোগের বিষয়ে তৎকালীন চিফ প্রসিকিউটর তাজুল ইসলামের কাছে আসামির পরিবার অভিযোগ করেছিলেন বলে তখন গণমাধ্যমের খবরে বলা হয়েছিল। পরে তিনিই প্রসিকিউটর সাইমুম রেজা তালুকদারকে ওই মামলা থেকে সরিয়ে দেন। তবে কোনো তদন্ত হয়নি। তানভির হাসান জোহা বলছেন, এখন হার্ড ড্রাইভ পরিবর্তনের বিষয়টিও ফ্যাক্টস ফাইন্ডিং কমিটি তদন্ত করছে। যদিও গাজী মোনাওয়ার হুসাইন তামীম বলছেন, এমন কোনো বিষয় ওই কমিটি তদন্ত করছে না। এই বিতর্কের মধ্যে এখন সবার দৃষ্টি হলো তদন্ত কমিটির দিকে। তবে কমিটি কবে নাগাদ রিপোর্ট দেবে বা তদন্তে কী পাওয়া গেল, জানার জন্য চিফ প্রসিকিউটর আমিনুল ইসলামের সাথে বারবার যোগাযোগ করা হলেও, তার সাড়া পাওয়া যায়নি। (বিবিসি ওয়েব পেজ : ০৬.০৪.২০২৬ আলী আহমেদ)

## আজহারীর পর অস্ট্রেলিয়ার ভিসা বাতিল শায়খ আহমাদুল্লাহ-এর, কী বলছেন তিনি

ইসলামি বক্তা মিজানুর রহমান আজহারীর পর আরেকজন বক্তা ও আস-সুন্নাহ ফাউন্ডেশনের চেয়ারম্যান আহমাদুল্লাহ, যিনি শায়খ আহমাদুল্লাহ নামেই বেশি পরিচিত, তার ভিসাও অস্ট্রেলিয়া বাতিল করেছে, যা নিয়ে বাংলাদেশে ও অস্ট্রেলিয়ায় আলোচনার জন্ম দিয়েছে। প্রবাসী বাংলাদেশিদের আমন্ত্রণে মি. আহমাদুল্লাহ গত ৩০ মার্চ অস্ট্রেলিয়া গিয়েছিলেন। তার অস্ট্রেলিয়া সফরের উদ্দেশ্য ছিল কয়েকটি অনুষ্ঠানে অংশ নেওয়া ও বক্তব্য দেওয়া। তবে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত খবরে বলা হয়েছে, পূর্ব নির্ধারিত চারটি অনুষ্ঠানে অংশ নেওয়ার আগেই অস্ট্রেলিয়া ত্যাগ করেছেন আহমাদুল্লাহ। কিন্তু মি. আহমাদুল্লাহ বিবিসি বাংলাকে বলেছেন, "গত সপ্তাহে অস্ট্রেলিয়ায় একটি অনুষ্ঠানে অংশগ্রহণ করেছি আমি। এরপর একটি জরুরি কাজে দেশে ফিরেছি।„ ভিসা বাতিলের বিষয়টি বিবিসি বাংলাকে নিশ্চিত করে মি. আহমাদুল্লাহ জানিয়েছেন, আজ ৬ এপ্রিল, সোমবার সকালে অস্ট্রেলিয়ার "ভিসা বাতিল হয়েছে মর্মে„ একটা মেইল পেয়েছেন। এর কয়েকদিন আগেই এপ্রিল মাসের শুরুতে বিদ্বেষমূলক বক্তব্য দেওয়ার অভিযোগে আরেকজন ইসলামি বক্তা মিজানুর রহমান আজহারীর ভিসা বাতিল করেছে অস্ট্রেলিয়া।

### ভিসা বাতিলের কারণ

কী কারণে বাতিল হয়েছে? শায়খ আহমাদুল্লাহকে এই প্রশ্ন করা হলে তিনি জানান, আইনজীবীর মাধ্যমে তিনি অস্ট্রেলিয়ার ভিসার জন্য আবেদন করেছিলেন। সেই আইনজীবীর কাছে শায়খ আব্দুল্লাহ-এর ভিসা বাতিল সংক্রান্ত মেইল আসে এবং ওই আইনজীবী তাকে মেইলটি ফরোয়ার্ড করেছেন। সেই মেইলের একটি অংশ কপি করে তিনি বিবিসি বাংলাকে দিয়েছেন। যেখানে লেখা ছিল, 'ভিসাধারী ব্যক্তিকে যে উদ্দেশ্যে টেম্পোরারি অ্যাক্টিভিটি (সাবক্লাস ৪০৮) ভিসা দেওয়া হয়েছিল, সেই উদ্দেশ্যেই তিনি অস্ট্রেলিয়ায় ভ্রমণ করেছেন। ধারণা করা যায়, ভিসাধারী মূল বক্তা

হিসেবে নির্ধারিত অনুষ্ঠানগুলোতে অংশ নিয়েছেন এবং যেহেতু তিনি এখন অস্ট্রেলিয়া ত্যাগ করেছেন, তাই তার এখন আর ভিসার প্রয়োজনীয়তা নেই।' পুরো ইমেইলটি বিবিসি বাংলা দেখতে পারেনি। মি. আহমাদুল্লাহ বিবিসি বাংলাকে বলেন, তার ভিসা বাতিল সংক্রান্ত ইস্যু নিয়ে "বিভিন্ন মিডিয়ায় যেভাবে প্রচার হয়েছে, সেরকম সুনির্দিষ্ট কোনো কারণ সেই লেটারে দেখতে পাইনি আমি।„ সিডনিভিত্তিক সংবাদমাধ্যম 'দ্য ডেইলি টেলিগ্রাফ' শায়খ আহমাদুল্লাহ-এর অস্ট্রেলিয়া সফর ও ভিসা বাতিল নিয়ে সম্প্রতি দুটো প্রতিবেদন প্রকাশ করেছে। উভয় প্রতিবেদনেই তাকে বিদ্বেষমূলক বক্তব্য প্রদানকারী ইসলামি প্রচারক হিসেবে উল্লেখ করা হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, তার আগের কিছু ভিডিও বক্তব্য প্রকাশ্যে আসার পর, এ নিয়ে আলোচনা তৈরি হয়। সেখানে শায়খ আহমাদুল্লাহ ইহুদিদের বিশ্বব্যাপী অস্থিরতার নেপথ্যের কারিগর বলে মন্তব্য করেছেন এবং তাদের "নিকৃষ্ট„ বলেও অভিহিত করেছেন। ওই প্রতিবেদনে বলা হয়, ভিসা জটিলতায় ও বিতর্কের মুখে আগে থেকে নির্ধারিত কয়েকটি অনুষ্ঠানে অংশগ্রহণ না করেই তিনি অস্ট্রেলিয়া ত্যাগ করেছেন।

**অভিযোগ নিয়ে শায়খ আহমাদুল্লাহ-এর বক্তব্য**

শায়খ আহমাদুল্লাহ বলেন, তিনি ইহুদিবিদ্বেষী বক্তব্য দিয়েছেন, এমন কিছু তার মেইলে আসেনি। "তবে অস্ট্রেলিয়ার কয়েকজন বিরোধী রাজনীতিক সোশ্যাল মিডিয়ায় আমার বিরুদ্ধে নেতিবাচক মন্তব্য করতে দেখেছি। সম্প্রতি কিছু ইসলাম বিদ্বেষী আমাদের কিছু বক্তব্যের খণ্ডিত অংশ এবং কিছু বক্তব্যের বিকৃত অনুবাদ করে সোশ্যাল মিডিয়ায় প্রচার করেছে। তার দ্বারা তারা প্রভাবিত হয়ে থাকতে পারেন,„ যোগ করেন এই ইসলামি বক্তা। এরপর তিনি এও বলেন, "আমি মনে করি, যে-কোনো অভিযোগ আমলে নেওয়ার পূর্বে সঠিক তথ্য যাচাই-বাছাই এবং ন্যায্যতা ও নিরপেক্ষতা প্রতিফলিত হওয়া প্রয়োজন।„ আত্মপক্ষ সমর্থন করে এই বক্তা বিবিসি বাংলাকে আরও বলেন, "ফিলিস্তিনে ইসরায়েলের গণহত্যার বিষয়ে আমরা বিভিন্ন সময়ে কথা বলেছি। কুরআনেও বনী ইসরাইল প্রসঙ্গে অনেক আলোচনা আছে। সেসব বক্তব্যের কোনো কিছুকে তারা উদ্দেশ্যমূলকভাবে ব্যবহার করে থাকতে পারে। তবে নির্যাতিত মানুষের পক্ষে কথা বলা আমাদের নৈতিক দায়িত্ব। ফিলিস্তিনের গণহত্যার বিরুদ্ধে খোদ ইসরাইলেও অনেক মানুষ রাস্তায় নেমেছে। তারা নিজেরাও ইয়াহুদি।„ "কোনো ধর্ম, জাতি বা গোষ্ঠীর প্রতি আমাদের ব্যক্তিগত কোনো বিদ্বেষ নেই। বরং, বাংলাদেশে সংখ্যালঘুদের প্রতি যে-কোনো বিচ্ছিন্ন অন্যায় আচরণেরও আমরা বিরোধিতা করি,„ তিনি বলেন।

**এর আগে আজহারীর ভিসা বাতিল**

এর মাত্র কয়েকদিন আগেই ভিসা বাতিল করা হয়েছে অস্ট্রেলিয়া সফররত বাংলাদেশি ইসলামি বক্তা মিজানুর রহমান আজহারীর। তার বিরুদ্ধে হিটলারের প্রশংসা ও ইহুদিবিদ্বেষী বক্তব্য দেওয়ার অভিযোগ আনা হয়েছে। এপ্রিলের প্রথম সপ্তাহে ভিসা বাতিলের বিষয়টি বিবিসি বাংলাকে নিশ্চিত করেছেন মি. রহমান। শায়খ আহমাদুল্লাহ-এর দু'দিন আগে গত ২৮ মার্চ অস্ট্রেলিয়ায় পৌঁছান তিনি। তার এই সফরের উদ্দেশ্য ছিল বিভিন্ন কমিউনিটি আয়োজিত ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠানে অংশ নেওয়া এবং বক্তব্য দেওয়া। সফরের প্রথম কয়েকদিন তিনি অস্ট্রেলিয়াতে অবস্থান করলেও, কোনো আনুষ্ঠানিক জনসভায় বক্তব্য দেননি। বিবিসি বাংলাকে তিনি বলেন, তার প্রথম ইভেন্ট হওয়ার কথা থাকলেও সেটি পরবর্তীতে পুনর্নির্ধারণ করা হয়। অর্থাৎ, সফরের শুরু থেকেই তিনি কার্যত কোনো পাবলিক বক্তব্য দেওয়ার সুযোগ পাননি। তবে এর মধ্যেই তার বিরুদ্ধে অভিযোগ ওঠে এবং প্রশাসনিকভাবে তার ভিসা বাতিল করা হয়। অস্ট্রেলিয়ান সিনেটর জনাথন ডুনিয়াম তাদের দেশটির পার্লামেন্টে বিষয়টি উত্থাপন করেন। সেখানে মি. ডুনিয়াম বলেন, কমিউনিটি গ্রুপগুলোর পক্ষ থেকে আজহারীর উপস্থিতি সম্পর্কে আগেই সিনেটরদের সতর্ক করা হয়েছিল। অস্ট্রেলিয়ার ভিসা বাতিলের কারণ হিসেবে আনা অভিযোগের জবাবে মিজানুর রহমান আজহারী দাবি করেন, পুরো ঘটনাটি একটি বহু বছর আগের বক্তব্যের খণ্ডিত ভিডিওকে কেন্দ্র করে তৈরি হয়েছে। বিবিসি বাংলাকে তিনি বলেন, "যে ভিডিওটির কথা বলা হচ্ছে, সেটি প্রায় ১৩ বছরের পুরোনো। তখন আমার বয়সও অনেক কম ছিল।„ তার ভাষ্যমতে, ওই ভিডিওটি মূল বক্তব্যের প্রেক্ষাপট থেকে বিচ্ছিন্ন করে উপস্থাপন করা হয়েছে, যা প্রকৃত অর্থ বিকৃত করেছে। তিনি আরও জানান, এই একই ভিডিওর সূত্র ধরে অতীতে যুক্তরাজ্যেও তার প্রবেশে সীমাবদ্ধতা তৈরি হয়েছিল। অর্থাৎ, এটি নতুন কোনো ঘটনা নয়; বরং পুরোনো একটি বিতর্কের পুনরাবৃত্তি।

(বিবিসি ওয়েব পেজ : ০৬.০৪.২০২৬ আলী আহমেদ)

## সংরক্ষিত নারী আসনের ভোট ১২ মে

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের ভোটগ্রহণ ১২ মে অনুষ্ঠিত হবে। ৮ এপ্রিল নির্বাচনের তফশিল ঘোষণা হবে বলে জানিয়েছে বাংলাদেশের নির্বাচন কমিশন (ইসি)। দুপুরে নির্বাচন কমিশনের সভায় এ সিদ্ধান্ত হয়েছে বলে জানিয়েছেন নির্বাচন কমিশন সচিব আখতার আহমেদ। মি. আহমেদ বলেছেন, তফশিল ঘোষণার দিনই মনোনয়নপত্র জমা দেওয়া, বাছাই এবং প্রত্যাহারের শেষ সময় জানিয়ে দেওয়া হবে। বিদ্যমান আইন অনুযায়ী, ভোটে জয়ী দলগুলোর আসন সংখ্যার অনুপাতে সংসদে নারী আসন বণ্টন করা হয়। সংসদের সাধারণ আসনে নির্বাচিত

সংসদ সদস্যরা সংরক্ষিত আসনের সংসদ সদস্য নির্বাচনে ভোট দিয়ে থাকেন। সাধারণত দলগুলো যাদের প্রার্থী করেন, তারাই নারী সংসদ সদস্য নির্বাচিত হন।(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৪.২০২৬ এলিনা)

## সংসদে দেশের শীর্ষ ২০জন ঋণখেলাপির তালিকা প্রকাশ

ত্রয়োদশ জাতীয় সংসদে দেশের শীর্ষ ২০ ঋণখেলাপির তালিকা প্রকাশ করেছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। সোমবার এনসিপির সংসদ সদস্য হাসনাত আব্দুল্লাহর লিখিত প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এ তথ্য জানান। এসব কোম্পানির কাছে ২০২৫ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত মোট খেলাপি ঋণের পরিমাণ ৫ লাখ ৪৪ হাজার ৮৩১ কোটি ৮৮ লাখ টাকা। মন্ত্রীর দেওয়া তালিকা অনুযায়ী, শীর্ষ ২০ ঋণখেলাপি প্রতিষ্ঠান হলো- এস আলম সুপার এডিবল অয়েল লিমিটেড, এস আলম ভেজিটেবল অয়েল লিমিটেড, এস আলম রিফাইন্ড সুগার ইন্ডাস্ট্রিজ লিমিটেড, এস আলম কোল্ড রোলড স্টিলস লিমিটেড, সোনালি ট্রেডার্স, বাংলাদেশ এক্সপোর্ট-ইমপোর্ট কোম্পানি লিমিটেড, গ্লোবাল ট্রেডিং করপোরেশন লিমিটেড, চেমন ইস্পাত লিমিটেড, এস আলম ট্রেডিং কোম্পানি প্রাইভেট লিমিটেড, ইনফিনিট সিআর স্ট্রিপস ইন্ডাস্ট্রিজ লিমিটেড, কেয়া কসমেটিকস লিমিটেড, দেশবন্ধু সুগার মিলস লিমিটেড, পাওয়ার প্যাক মুতিয়ারা কেরানীগঞ্জ পাওয়ার প্ল্যান্ট লিমিটেড, পাওয়ার প্যাক মুতিয়ারা জামালপুর পাওয়ার প্ল্যান্ট লিমিটেড, প্যাসিফিক বাংলাদেশ টেলিকম লিমিটেড, কর্ণফুলি ফুডস (প্রা.) লিমিটেড, মুরাদ এন্টারপ্রাইজ, সিএলসি পাওয়ার কোম্পানি, বেক্সিমকো কমিউনিকেশনস লিমিটেড ও রংধনু বিল্ডার্স (প্রা.) লিমিটেড। মন্ত্রী আরও জানান, বর্তমান সংসদ সদস্য ও তাদের স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের খেলাপি ঋণ ১১ হাজার ১১৭ কোটি ৩১ লাখ টাকা।
(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৪.২০২৬ এলিনা)

## আমেরিকা-ইসরায়েলের হামলায় আইআরজিসির গোয়েন্দা প্রধান নিহত

ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর বা আইআরজিসি জানিয়েছে যে, ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের যৌথ হামলায় আইআরজিসির গোয়েন্দা প্রধান মেজর জেনারেল মাজিদ খাদেমি নিহত হয়েছেন। তার নিহত হওয়ার খবর জানিয়ে একটি বিজ্ঞপ্তি ইরানি সংবাদ মাধ্যমেও প্রকাশ করা হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে, "সকালে তিনি নিহত হয়েছেন এবং এ জন্য ইসরায়েল ও যুক্তরাষ্ট্রকেও দায়ী করা হয়েছে এই বিবৃতিতে। তবে এ নিয়ে এখনো আনুষ্ঠানিকভাবে কিছু বলেনি ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী বা আইডিএফ। তারা জানিয়েছে, বিষয়টি তারা খতিয়ে দেখছে। মি. খাদেমি এর আগের গোয়েন্দা প্রধান মোহাম্মদ কাজেমির স্থলাভিষিক্ত হয়েছিলেন। কাজেমি ২০২৫ সালের ১৫ জুন ইরান-ইসরায়েলের ১২ দিনের যুদ্ধে এক ইসরায়েলি হামলায় নিহত হয়েছিলেন। গত ফেব্রুয়ারিতে যুদ্ধ শুরুর আগেই মি. খাদেমি অভিযোগ করেছিলেন যে, প্রেসিডেন্ট ট্রাম্প ইরানের বিরুদ্ধে যুদ্ধ শুরুর একটি মঞ্চ প্রস্তুত করছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৪.২০২৬ এলিনা)

## যুদ্ধ বন্ধে মধ্যস্থতাকারীর প্রস্তাবের জবাব তৈরি করেছে ইরান: রাষ্ট্রীয় গণমাধ্যম

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র জানিয়েছেন, যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধ শেষ করতে কাজ করা মধ্যস্থতাকারীদের জন্য একটি জবাব প্রস্তুত করা হয়েছে। সূত্রের বরাত দিয়ে বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদনে বলা হয়, যুদ্ধের ইতি টানতে একটি শান্তি প্রস্তাবের রূপরেখা পাকিস্তান তৈরি করে ইরান ও যুক্তরাষ্ট্রের সঙ্গে বিনিময় করেছে। ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ইরনা-এর উদ্ধৃতিতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই বলেন, যুক্তরাষ্ট্র মধ্যস্থতাকারীদের মাধ্যমে যে ১৫ দফা প্রস্তাব দিয়েছে, তা "কোনোভাবেই আমাদের কাছে গ্রহণযোগ্য ছিল না"। তিনি আরও বলেন, সংঘাতের অবসান করতে একদিকে তারা আলোচনাও করতে চায়, অন্যদিকে আবার হামলার আল্টিমেটামও দিচ্ছে। মি. বাঘাই বলেন, "ইরান তার নিজের স্বার্থ বিবেচনা করেই জবাব প্রস্তুত করছে"। তিনি বলেন, "আমরা শুরু থেকেই বলেছি, আমরা কী চাই। আমরা কোনো রেডলাইন অতিক্রম করিনি। আমাদের অবস্থান এখনো পরিষ্কার"।(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৪.২০২৬ এলিনা)

## বেসরকারি অবকাঠামোয় হামলা হলে কঠোর জবাব দেবে ইরান: আব্বাস আরাঘচি

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি বলেছেন, "যুক্তরাষ্ট্র ইরানের বেসামরিক অবকাঠামোতে হামলার যে হুমকি দিয়েছে, সেটি যদি সত্যিই বাস্তবায়ন করতে চায়, তাহলে তার কঠোর পাল্টা জবাব দিতে প্রস্তুত ইরান"। ফ্রান্সের পররাষ্ট্রমন্ত্রীর জ্যাঁ নোয়েল ব্যারোর সাথে টেলিফোনে আলাপকালে এই কথা বলেন মি. আরাঘচি। আরাঘচি বলেন, "যুদ্ধাপরাধ ও গণহত্যাকে বেশ নরমালাইজ করতেই এই হুমকি দিয়েছে যুক্তরাষ্ট্র"। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিবেদনে বলা হয়েছে, বেসামরিক অবকাঠামোতে হামলার হুমকি এই অঞ্চলে উত্তেজনা বৃদ্ধি করছে। কূটনৈতিকভাবে এই সমস্যা সমাধানের ওপর জোর দিচ্ছে ইরান।(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৪.২০২৬ এলিনা)

## হাইফায় ইরানের ক্ষেপণাস্ত্র হামলা, চারজনের মরদেহ উদ্ধার

ইসরায়েলের হাইফার একটি ভবনে ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় অন্তত চারজন নিহত হয়েছে। সেখানের বিধ্বস্ত একটি ভবন থেকে উদ্ধারকারী দল চারজনের মরদেহ উদ্ধার করতে সক্ষম হয়েছে। নিরাপত্তা কর্মকর্তাদের তথ্য অনুযায়ী,

ভবনটিতে একটি বোমা বিস্ফোরিত অবস্থায় ছিল, যা উদ্ধারকাজকে শুরুতেই বেশ জটিল করে তোলে। ধ্বংসস্তূপের বিপরীতে থাকা ভবনের বাসিন্দা মর বারেল বলেছেন, ইসরায়েলের শক্ত আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা থাকলেও , ইরানি হামলার হুমকি নিয়েই প্রতিনিয়ত চলতে হচ্ছে ইসরায়েলিদের। জনমত জরিপে দেখা গেছে , গত পাঁচ সপ্তাহেরও বেশি সময় চলা এই যুদ্ধের প্রতি ইসরায়েলিদের সমর্থন আস্তে আস্তে কমতে শুরু করেছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৪.২০২৬ এলিনা)

## লেবাননে ইসরায়েলের ভুল টার্গেট, বিরোধী রাজনৈতিক দলের নেতা সস্ত্রীক নিহত

রোববার লেবাননে হিজবুল্লাহ নেতাকে লক্ষ্য করে হামলা চালিয়েছিল ইসরায়েল। সেই হামলা লক্ষ্যভ্রষ্ট হলে এতে বিরোধী একটি রাজনৈতিক দলের একজন সিনিয়র নেতা নিহত হন। ইসরায়েল ডিফেন্স ফোর্স বা আইডিএফ বিবিসিকে জানিয়েছে, হামলা মূল লক্ষ্যকে টার্গেট করতে ব্যর্থ হয়েছে। ওই হামলায় লেবাননের অন্যতম খ্রিষ্টান সমর্থিত দল লেবানিজ ফোর্সেস পার্টির সিনিয়র নেতা পিয়েরে মুভাদ এবং তার স্ত্রী ফ্লাভিয়া মুভাদ নিহত হয়েছেন। এই হামলার জন্য দুঃখ প্রকাশ করছে আইডিএফ। লেবাননের যে ভবনে হামলা হয়েছে, সেটি ছিল একটি অ্যাপার্টমেন্ট। যেটি বেইরুতের পূর্বে অবস্থিত। যেখানে মূলত খ্রিষ্টানদের বসতি ছিল। লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, এতে একজন পুরুষ এবং দুইজন নারী নিহত হয়েছেন। স্থানীয় মেয়র বলেছেন, যে ভবনে হামলা চালানো হয়েছে, সেই ভবনের নিচতলায় বসবাস করতেন তারা। আইডিএফ জানিয়েছে, ভুল টার্গেটে হামলায় ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ করছে তারা। এই ঘটনায় লেবানিজ ফোর্সেস পার্টি বলেছে, পিয়েরে মুভাদ কোনো যোদ্ধা ছিলেন না। সামরিক লক্ষ্যবস্তুও ছিলেন না। নিহতের আগে তিনি পরিবারের সঙ্গে বাড়িতে ইস্টার সানডে উদ্‌যাপন করেছিলেন।
(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৪.২০২৬ রনি)

## যুদ্ধবিরতির প্রস্তাব ইরান প্রত্যাখ্যান করেছে বলে জানিয়েছে দেশটির গণমাধ্যম

ইরানের সাথে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের চলমান যুদ্ধের মধ্যে যুদ্ধবিরতির প্রস্তাব প্রত্যাখ্যান করেছে ইরান। ইরানের আধা সরকারি গণমাধ্যম ইরনার খবরে এই তথ্য জানানো হয়েছে। ইরনার খবরে বলা হয়েছে , তেহরান যুদ্ধবিরতির প্রস্তাব প্রত্যাখ্যান করে তা মধ্যস্থতাকারী দেশ পাকিস্তানের কাছে এরই মধ্যে পাঠিয়েছে। প্রস্তাব প্রত্যাখ্যান করে তেহরান জানিয়েছে, সাময়িকভাবে নয়, স্থায়ীভাবে যুদ্ধ বন্ধ না হলে এই সমস্যার কোনো সমাধান হবে না। এসময় দেশটি স্থায়ীভাবে যুদ্ধ বন্ধের ওপর জোর দেয় বলেও ইরনার খবরে বলা হয়েছে। এই যুদ্ধবিরতি আলোচনার মধ্যেই ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা অব্যাহত রয়েছে। এর পাল্টা জবাবও দিচ্ছে ইরান।
(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৪.২০২৬ এলিনা)

# এনএইচকে

## হরমুজ প্রণালি পুনরায় খোলার জন্য ইরানকে দেওয়া সময়সীমা সম্ভবত বাড়িয়েছেন ট্রাম্প

মার্কিন গণমাধ্যমগুলো জল্পনা কল্পনা করছে যে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার জন্য ইরানকে দেওয়া সময়সীমা পিছিয়ে দিয়েছেন। রবিবার ট্রাম্প সামাজিক যোগাযোগ মাধ্যমে ঘোষণা করেন, "মঙ্গলবার, রাত ৮টা পূর্বাঞ্চলীয় সময়!„ কিন্তু তিনি এ বিষয়ে বিস্তারিত কিছু বলেননি। নির্ধারিত এই সময় ছিল ২৬ মার্চ ট্রাম্পের সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করা এক বার্তায় ঘোষিত সময়সীমার ঠিক ২৪ ঘণ্টা পর। তিনি সেই সময় লিখেছিলেন যে, এই সময়সীমার মেয়াদ শেষ হওয়ার আগে মার্কিন বাহিনী ইরানের জ্বালানি স্থাপনাগুলোতে হামলা চালাবে না। ট্রাম্প শনিবারের সামাজিক যোগাযোগ মাধ্যমের পোস্টে একটি সতর্কবার্তাও প্রচার করেছেন। তিনি ঘোষণা করেন, "সময় ফুরিয়ে আসছে, ৪৮ ঘণ্টা পরেই তাদের ওপর ভয়াবহ বিপর্যয় নেমে আসবে।„ এর থেকে ইঙ্গিত পাওয়া যায় যে, একটি চুক্তিতে পৌঁছাতে অথবা হরমুজ প্রণালি পুনরায় খুলে দিতে ইরানের হাতে সোমবার পর্যন্ত সময় ছিল।(এনএইচকে ওয়েব পেজ: ০৬.০৪.২০২৬ রনি)

# ডয়চে ভেলে

## বিচার বিভাগ, দুর্নীতি ও গুমের বিষয়ে পেছনে হাঁটার ইঙ্গিত

সরকার মোটা দাগে বিচার বিভাগের স্বাধীনতা , মানবাধিকার, দুর্নীতি দমন এবং গুমের বিষয়ে পেছনে হাঁটার ইঙ্গিত দিচ্ছে বলে মন্তব্য করেছেন ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)-এর নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান। আজ সোমবার দুপুরে রাজধানীর ধানমন্ডি তে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)-এর কার্যালয়ে `রাষ্ট্র সংস্কারের লক্ষ্যে প্রণীত কতিপয় অধ্যাদেশ বাতিল ও পরিবর্তন বিষয়ে টিআইবির অবস্থান ' শীর্ষক সংবাদ সম্মেলনে বলা হয় , ত্রয়োদশ জাতীয় সংসদে দুই -তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা আছে বিএনপির। সংসদের বি শেষ কমিটি সাবেক অন্তর্বর্তী সরকারের জারি করা ১৩৩টি অধ্যাদেশের মধ্যে যাচাই -বাছাই করে ৯৮টি অধ্যাদেশ হুবহু আইনে পরিণত করার জন্য সুপারিশ করেছে। এ ছাড়া জাতীয় মানবাধিকার কমিশন , দুর্নীতি দমন কমিশন (দুদক) এবং গুম প্রতিরোধে করা জনগুরুত্বপূর্ণ বেশ কয়েকটিসহ মোট ১৬টি অধ্যাদেশ এখনই আইনে পরিণত না করে পরবর্তী

সময়ে যাচাই-বাছাইয়ের মাধ্যমে নতুন করে আনার সুপারিশ করা হয়েছে। আর বিচার বিভাগের স্বাধীনতার সঙ্গে সংশ্লিষ্ট সুপ্রিম কোর্টের বিচারক নিয়োগ ও পৃথক সচিবালয়বিষয়ক তিনটিসহ মোট চারটি অধ্যাদেশ বাতিল বা রহিত করতে সুপারিশ করেছে ওই বিশেষ কমিটি। এসব তথ্য উল্লেখ করে সংবাদ সম্মেলনে টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান বলেন, ৯৮টি অধ্যাদেশ হুবহু গ্রহণ করার বিষয়টি সাধুবাদ পাওয়ার যোগ্য। তবে আইনে পরিণত হতে যাওয়া সব অধ্যাদেশের সবই দুর্বলতাহীন নয়, এমনকি কোনো কোনো ক্ষেত্রে উদ্দেশ্যমূলকভাবে দুর্বল করা হয়েছে। যেমন - সরকারি হিসাব নিরীক্ষা অধ্যাদেশ এবং স্থানীয় সরকার -সংক্রান্ত ৪টি সংশোধনী অধ্যাদেশ। ইফতেখারুজ্জামান বলেন, বিচার বিভাগের স্বাধীনতা, মানবাধিকার, দুর্নীতি দমন এবং গুম প্রতিরোধ-সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়গুলো দেশে আইনের শাসন, ন্যায়বিচার ও মানবাধিকার প্রতিষ্ঠা এবং দুর্নীতি দূরীকরণে প্রাতিষ্ঠানিক ভিত্তি শক্তিশালী করার ক্ষেত্রে কাজ করতো। অন্যদিকে, পুলিশ কমিশন অধ্যাদেশ, যা চরম দুর্বলতার কারণে সম্পূর্ণ বাতিলযোগ্য, সেটিতে প্রস্তাবিত পুলিশ কমিশনকে অধিকতর সরকারি নিয়ন্ত্রণ নিশ্চিত করার বিধান সংযুক্ত করে বিল আকারে পাস করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এটি হতাশাজনক বলে মন্তব্য করেন তিনি।

**চারটি অধ্যাদেশ রাখা, ছয়টি সংশোধন, দুটি বাতিল চায় টিআইবি**

বর্তমান সংসদে বাতিলের সুপারিশ করা সুপ্রিম কোর্ট বিচারক নিয়োগ অধ্যাদেশ ও সুপ্রিম কোর্ট সচিবালয় অধ্যাদেশ রাখা হোক, তা চায় টিআইবি। এর পক্ষে যুক্তি দিয়ে সংস্থার নির্বাহী পরিচালক সংবাদ সম্মেলনে বলেন, নিয়োগ অধ্যাদেশটি রহিত করায় বিচারক নিয়োগের বিষয়টি আবারও পুরোনো ধারায় ফিরে যাবে বা সরকারপ্রধানের ইচ্ছামাফিক হয়ে পড়বে। এটি এক পা এগিয়ে দুই পা পেছনে হাঁটার শামিল। আর সুপ্রিম কোর্ট সচিবালয় অধ্যাদেশ রহিত করার পেছনে সরকার যে-সব যুক্তি তুলে ধরছে, তার সারমর্ম হচ্ছে, বিচার বিভাগের পরিপূর্ণ স্বাধীনতা নিশ্চিতের পথ রুদ্ধ করে দলীয় রাজনৈতিক প্রভাব এবং সরকারি ও প্রশাসনিক নিয়ন্ত্রণ অব্যাহত রাখা। জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ ও গুম প্রতিরোধ অধ্যাদেশকে অনিশ্চয়তায় ফেলে দেওয়ার বিষয়টি শঙ্কার বলে উল্লেখ করে ইফতেখারুজ্জামান বলেন, এর ফলে কমিশনের প্রশাসনিক স্বাধীনতা খর্ব হবে, নিরাপত্তা বাহিনীর বিরুদ্ধে তদন্তে বাধা এবং বিচারিক ক্ষমতাকে নির্বাহী ক্ষমতায় রূপান্তরের শঙ্কা রয়েছে। এই অধ্যাদেশ দুটির অনুপস্থিতি 'অপশনাল প্রটোকল টু দ্য কনভেনশন অ্যাগেইনস্ট টরচার (ওপিসিএটি)' এবং 'দ্য ইন্টারন্যাশনাল কনভেনশন ফর দ্য প্রটেকশন অব অল পারসনস ফ্রম এনফোর্সড ডিজঅ্যাপিয়ারেন্সের মতো আন্তর্জাতিক কনভেনশনের বাধ্যবাধকতা লঙ্ঘনের ঝুঁকি তৈরি করবে। এমন বাস্তবতা বিবেচনায় কমিশনকে একটি সরকারি প্রতিষ্ঠান বা ঠুঁটো জগন্নাথে পরিণত করার পরিবর্তে কার্যকর মানবাধিকার কমিশনে রূপান্তর করা না গেলে এবং গুম প্রতিরোধ আইনে ব্যত্যয় করা কোনোভাবেই কাম্য হতে পারে না। ছয়টি অধ্যাদেশ পুনর্মূল্যায়ন বা সংশোধন করা জরুরি বলে টিআইবি মনে করে। এগুলো হলো : দুদক অধ্যাদেশ, তথ্য অধিকার সংশোধন অধ্যাদেশ, ব্যক্তিগত উপাত্ত সুরক্ষা অধ্যাদেশ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ (সংশোধন) অধ্যাদেশ, সরকারি হিসাব নিরীক্ষা অধ্যাদেশ এবং রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা অধ্যাদেশ। আর যে দুটি অধ্যাদেশ টিআইবি বাতিল চায় সেগুলো হলো : পুলিশ কমিশন অধ্যাদেশ এবং জাতীয় উপাত্ত ব্যবস্থাপনা অধ্যাদেশ। এ প্রসঙ্গে ইফতেখারুজ্জামান বলেন, পুলিশকে একটি পেশাদার ও জনবান্ধব বাহিনী হিসেবে গড়ে তুলতে যে স্বাধীন ও নিরপেক্ষ পুলিশ কমিশন গঠন প্রয়োজন, তার কোনো প্রতিফলনই পুলিশ কমিশন অধ্যাদেশে হয়নি। এর অধীনে কমিশন হলে তা মৌলিক উদ্দেশ্য পূরণে ব্যর্থ হবে। আর উপাত্ত ব্যবস্থাপনা অধ্যাদেশে এমন একটি কর্তৃপক্ষ গঠনের কথা বলা হয়েছে, যা একইসঙ্গে নিয়ন্ত্রক ও সেবাদাতা। এটি স্বার্থের সংঘাত তৈরি করবে।

**'অধ্যাদেশ নিয়ে খেলা হচ্ছে'**

অধ্যাদেশ নিয়ে খেলা হচ্ছে বলে সংবাদ সম্মেলনে মন্তব্য করেন টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, অধ্যাদেশ নিয়ে যে খেলাটা হচ্ছে, সেখানেও আগের মতো ভেতর থেকে প্রতিরোধ আসছে। এখানে দুটি আঙ্গিক আছে : রাজনীতি ও আমলাতন্ত্র। আমলাতন্ত্রই এখনো আগের মতোই মূল নিয়ন্ত্রক। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৬.০৪.২০২৬ রুবাইয়া)

## বাউলশিল্পী আবুল সরকারের অন্তর্বর্তীকালীন জামিন

ধর্মীয় অনুভূতিতে আঘাতের অভিযোগে করা মামলায় বাউলশিল্পী আবুল সরকারকে হাইকোর্ট ছয় মাসের অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছেন বলে জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার। আজ সোমবার বিচারপতি মো. আতোয়ার রহমান ও বিচারপতি মো. সাগীর হোসেনের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন। জামিনের পাশাপাশি এই মামলায় তাকে কেন স্থায়ী জামিন দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত। সংশ্লিষ্টদের এই রুলের জবাব দিতে বলা হয়েছে। আদালতে আবুল সরকারের পক্ষে শুনানি করেন আইনজীবী গাজী কামরুল ইসলাম সজল। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল সুলতানা আখতার রুবি। আইনজীবী গাজী কামরুল ইসলাম বলেন, অন্য কোনো মামলা না থাকলে, হাইকোর্টের এই আদেশের ফলে আবুল

সরকারের কারামুক্তিতে কোনো বাধা নেই। তবে তার বিরুদ্ধে অন্য কোনো মামলা আছে কি না, সে বিষয়ে নিশ্চিত করতে পারেননি এই আইনজীবী। (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ০৬.০৪.২০২৬ রুবাইয়া)

## আমি আশা করছি, ভবিষ্যতে ভালো কিছুই হবে : সাকিব

সাকিব আল হাসান বলেছেন, সব সমস্যা দ্রুত সমাধান করে তিনি দেশে ফেরার চেষ্টা করছেন। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টারকে দেওয়া এক বিশেষ সাক্ষাৎকারে তিনি বলেন, "আইনি প্রক্রিয়াগুলোর কাজ শুরু হয়েছে। এখন যত দ্রুত সম্ভব, যদি আমি সমাধান করতে পারি, না হলে হয়ত সময় লাগবে। কিন্তু আমি চেষ্টা করছি, দ্রুত যেন সমস্যাগুলোর সমাধান করতে পারি। এখন বিষয়গুলো যত দ্রুত সমাধান করা সম্ভব হবে, আমি তত দ্রুতই ফিরতে পারবো।„ আন্তর্জাতিক ক্রিকেটে ফেরা, নাকি কোনো বিদায়ি ম্যাচ খেলে অবসর নেওয়া - কোন ভাবনাকে অগ্রাধিকারে রেখে ভবিষ্যৎ পরিকল্পনা সাজাচ্ছেন জানতে চাইলে ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকে দেশে ফিরতে না পেরে দীর্ঘদিনে বিশ্বসেরা অলরাউন্ডার বলেন, "এটা তো আসলে পরের বিষয় (আন্তর্জাতিক ক্রিকেট চালিয়ে যাওয়া) বা সেকেন্ডারি বিষয়; আমার প্রথম অগ্রাধিকার হলো দেশে ফেরা। বিসিবি বা অন্যদের সাক্ষাৎকার ও মন্তব্যে আমি দেখেছি যে, তারা চায় আমি আসি এবং খেলি। কিন্তু যেহেতু একটি আইনি প্রক্রিয়া চলছে, তাই এগুলো শুধু মুখে বললে হবে না, বিষয়গুলো সমাধান করে আসতে হবে। যেহেতু আমি দূরে আছি, আমার হয়ে এই কাজগুলো যদি বিসিবি করতো, আমার জন্য সহজ হতো। আমি বলছি না একদমই করেনি, কিন্তু আরেকটু ভালোভাবে করা গেলে তাড়াতাড়ি সমাধান হওয়ার সম্ভাবনা থাকতো। যেহেতু সেটা হয়নি, দেরি হচ্ছে, আমি তাই আমার মতো করে সর্বোচ্চ চেষ্টা করছি।„

মোস্তাফিজুর রহমানকে আইপিএল-এর ফ্র্যাঞ্চাইজি কলকাতা নাইট রাইডার্স থেকে বাদ দেওয়ার প্রতিবাদে সাবেক অন্তর্বর্তী সরকারের সিদ্ধান্তে বাংলাদেশ ২০২৬ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপে অংশ নেয় নি। এ বিষয়ে বাংলাদেশের ক্রিকেটারদের সঙ্গে কথা হয় কিনা, কথা হলে তারা কী বলেন জানতে চাইলে সাকিব আল হাসান বলেন, "হ্যাঁ, অনেকের সঙ্গেই কথা হয়। ফোন দেয় অনেকেই, তখন তাদের সঙ্গে কথা তো হয়। বিশ্বকাপ না খেলাটা অবশ্যই হতাশাজনক। ওই সময় সরকার যে সিদ্ধান্ত নিয়েছে, আসলে তার উপর তো বিসিবি কথা বলতে পারে না। এটা সম্ভব ছিল না। তৎকালীন সরকারের কিছু সিদ্ধান্তের কারণেই আসলে এই পরিস্থিতি তৈরি হয়েছিল, যার দায় ওই সময়ের সরকারের ওপরেই বর্তায়। কারণ তাদের সিদ্ধান্তের কারণেই বিশ্বকাপ খেলাটা হয় নাই। „ এর ফলে ক্রিকেটারদের কত বড়ো ক্ষতি হয়েছে, তা উল্লেখ করতে গিয়ে বাংলাদেশের ইতিহাসের সফলতম ক্রিকেটার বলেন, "একটি বড়ো টুর্নামেন্ট বা বিশ্বকাপ খেলতে না পারাটা অত্যন্ত কষ্টের। ধরেন, এবার যারা খেলত, পরের বিশ্বকাপে তাদের অনেকেই নিশ্চিতভাবে থাকবে না। তাদের মধ্যে যদি কারো এটা প্রথম বিশ্বকাপ হতো, দেখা গেল তার আর বিশ্বকাপই খেলা হলো না কোনোদিন। বিশেষ করে, যাদের জন্য এটি প্রথম বা শেষ বিশ্বকাপ হতে পারতো, তাদের জন্য আজীবন একটি আক্ষেপ থেকে যাবে।„ ক্রিকেট ক্যারিয়ার শেষ করার আগেই রাজনীতিতে যোগ দেওয়া সাকিব দ্য ডেইলি স্টারের একুশ তপাদারকে দেওয়া এ সাক্ষাৎকারে তার রাজনৈতিক ভবিষ্যৎ নিয়েও কথা বলেছেন। তিনি জানান, এই মুহূর্তে তার কাছে ক্রিকেটটাই বেশি গুরুত্বপূর্ণ। কারণ, "রাজনীতি তো ধরেন, আমৃত্যু করা যায়, রাজনীতিতে অনেক সময় আছে। যেটার সময় নেই, সেটা হলো ক্রিকেট। এটা আগে ঠিক করার চেষ্টা করছি। আর রাজনীতি, যেটা বলছেন, আমি মনে করি রাজনীতি একটি বড়ো প্ল্যাটফর্ম, যেখান থেকে বড়ো ধরনের পরিবর্তন আনা সম্ভব। যদি আমি মানুষের জন্য কিছু করতে পারি, তবে সেটা আমার ভালো লাগবে এবং সেই আশা আমার এখনো আছে। সব সময় থাকবে। „ এ প্রসঙ্গে তিনি আরো বলেন, "পরিস্থিতি সব সময় এক রকম থাকে না, পরিবর্তন হয়। আমি আশা করছি, ভবিষ্যতে একটি স্বাভাবিক অবস্থা ফিরে আসবে, যেখানে সব দল সমান সুযোগ পাবে এবং জনগণই সিদ্ধান্ত নেবে, তারা কাকে চায়। আমি আশা করছি, ভবিষ্যতে ভালো কিছুই হবে।„

বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান পেশাদার খেলোয়াড়দের রাজনীতি থেকে দূরে থাকার যে আহ্বান জানিয়েছেন, সেটিকে কীভাবে দেখছেন জানতে চাইলে আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য সাবিক আল হাসান বলেন, "দেখুন, আমার কাছে মনে হয়, প্রতিটা বাংলাদেশের নাগরিকের এই ব্যাপারে নিজস্ব মতামত আছে। প্রধানমন্ত্রী উনার জায়গা থেকে যেটা ভালো মনে হয়েছে, বলেছেন। এটা ওনার ব্যক্তিগত মতামত এবং আমি সেটিকে সম্মান করি।„ জুলাই আন্দোলনে নিহতদের বিষয়ে সাকিবের বক্তব্য, "কোনো মৃত্যুই কাম্য নয়, প্রতিটা মৃত্যুই বেদনাদায়ক। প্রতিটি জীবনই অমূল্য। আমি আগেও এটা বহুবার বলেছি। আমি চাই, প্রতিটা ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত হয়ে বিচার নিশ্চিত করা হোক। কিন্তু কাউকে যেন অন্যায়ভাবে ফাঁসানো না হয়। „ চলমান মামলাগুলোর বিষয়ে সাকিব আল হাসান বলেন, "এটা তো আপনারা সবাই দেখছেন, আমার বিরুদ্ধে যে মামলাগুলো করা হয়েছে, সেগুলোর কোনো প্রমাণ নাই, কোনো ভিত্তি নেই, এটা সবাই বলছে, যা বিভিন্ন সংবাদমাধ্যমেও উঠে এসেছে। বাংলাদেশের সিস্টেমে চাইলে আপনি দ্রুততম সময়ে শেষ করতে পারেন আবার অনেক সময় নিয়ে শেষ করতে পারেন। এটা হচ্ছে আপনার সদিচ্ছার বিষয়। ভাবতে পারেন যে, "না, একটা মানুষ আসলে কোনো অন্যায় করে নাই, তাকে শুধু শুধু সাফারার করার কোনো

দরকার নাই।„ কেবল আপনি আক্রান্ত হয়েছিলেন বলে আমাকেও আক্রান্ত করবেন, জিনিসটা আমার কাছে ভালো মনে হয় না। এরকম চলতে থাকলে দেশের কোনো পরিবর্তন আসবে না। কিন্তু আশা করি , বর্তমান সরকারের সময় খুবই অল্প এখনো। তারা বিষয়গুলো নিরপেক্ষভাবে দেখবে এবং যারা নিরপরাধ , তারা যেন সঠিক বিচার পায় এবং দ্রুততম সময়ের মধ্যেই হবে। আগে কেউ সাফার করেছেন বলে এখন অন্যদেরও সাফার করাতে হবে , এই মানসিকতা থেকে আমাদের বের হয়ে আসতে হবে।„ (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ০৬.০৪.২০২৬ রুবাইয়া)

## যুক্তরাষ্ট্র ও ইরানকে যুদ্ধবিরতির খসড়া প্রস্তাব

যুক্তরাষ্ট্র ও ইরানকে ৪৫ দিনের জন্য যুদ্ধবিরতি এবং হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার আহ্বান জানিয়ে একটি খসড়া প্রস্তাব দেওয়া হয়েছে। মিশর, পাকিস্তান ও তুরস্কের মধ্যস্থতাকারীরা রোববার গভীর রাতে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি এবং যুক্তরাষ্ট্রের মধ্যপ্রাচ্য বিষয়ক দূত স্টিভ উইটকফের কাছে এ প্রস্তাব পাঠান বলে বার্তা সংস্থা এপি জানিয়েছে। তবে, ইরান ও যুক্তরাষ্ট্র এখনো আনুষ্ঠানিকভাবে প্রস্তাবের বিষয়ে কোনো প্রতিক্রিয়া জানায়নি। ইরানের নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্মকর্তা সংবাদ সংস্থা রয়টার্সকে বলেছেন, তার দেশ অস্থায়ী যুদ্ধবিরতির অংশ হিসেবে হরমুজ প্রণালি পুনরায় খুলবে না এবং প্রস্তাব পর্যালোচনার জন্য কোনো সময়সীমাও মেনে নেবে না।

(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ০৬.০৪.২০২৬ রুবাইয়া)

## ইরানকে হুমকি দিয়ে পাল্টা হুমকি ও তীব্র নিন্দার মুখে ট্রাম্প

হরমুজ প্রণালি খুলে না দিলে বেসামরিক অবকাঠামো ধ্বংস করে দেওয়া হবে - ডোনাল্ড ট্রাম্পের এমন হুমকির জবাবে ইরানের কেন্দ্রীয় সামরিক কমান্ড বলেছে , বেসামরিক লক্ষ্যবস্তুতে আঘাত হানা হলে `বিধ্বংসী ও ব্যাপক , প্রতিশোধমূলক অভিযান চালানো হবে। এরপর সোমবার ভোরে ইসরায়েল , কুয়েত এবং সংযুক্ত আরব আমিরাতে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা হয়। তবে এসব হামলায় তাৎক্ষণিকভা বে বড়ো ধরনের কোনো ক্ষয়ক্ষতি বা হতাহতের খবর পাওয়া যায়নি। কুয়েতের সেনাবাহিনী জানায় , রাতভর হামলার জবাব দেওয়ার পর , সকালেও তাদের বিমান প্রতিরক্ষা ব্যবস্থা ক্ষেপণাস্ত্র ও ড্রোন প্রতিহত করেছে। আবুধাবিতে , প্রতিহত করা একটি ক্ষেপণাস্ত্রের ধ্বংসাবশেষ একটি শিল্প স্থাপনার ওপর পড়ে। এ ঘটনায় ঘানার এক ব্যক্তি আহত হন। ইসরায়েলের সামরিক বাহিনীর দাবি , তারা ইরান থেকে ছোড়া ক্ষেপণাস্ত্র শনাক্ত করে সেগুলো প্রতিহত করছে। এদিকে , সামাজিক যোগাযোগ মাধ্যমে অশ্লীল শব্দে ভরা এক পোস্টে ডোনাল্ড ট্রাম্পের ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতু ধ্বংস করে দেওয়ার হুমকির তীব্র সমালোচনা করেছেন ডেমোক্র্যাটরা। ট্রাম্পের মানসিক অবস্থা নিয়ে প্রশ্ন তুলে সিনেটর ক্রিস ভ্যান হোলেন এক্স-এ লিখেছেন, ”ট্রাম্প স্পষ্টতই প্রেসিডেন্ট হওয়ার অযোগ্য।„ সিনেটর ক্রিস মারফি মনে করেন ট্রাম্প `সম্পূর্ণ, চূড়ান্তভাবে ভারসাম্যহীন,।

(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ০৬.০৪.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## অর্থপাচার; সালমান এফ রহমানসহ ৬ জনের বিরুদ্ধে অভিযোগপত্র গ্রহণ

নিজেদের পরিবারের সদস্যদের মালিকানাধীন বিদেশি প্রতিষ্ঠানে পণ্য রপ্তানির আড়ালে প্রায় ৪৮ লাখ মার্কিন ডলার পাচারের অভিযোগে বেক্সিমকো গ্রু পের কর্ণধার সালমান এফ রহমানসহ ছয়জনের বিরুদ্ধে দুই মামলার অভিযোগপত্র গ্রহণ করেছেন আদালত। তদন্তে উঠে এসেছে , একই পরিবারের সদস্যদের সম্পৃক্ততায় গড়ে ওঠা এই লেনদেনের মাধ্যমে ইচ্ছাকৃতভাবে রপ্তানি মূল্য দেশে আনা হয়নি। সোমবার (৬ এপ্রিল) ঢাকা মহানগর সিনিয়র স্পেশাল জজ আদালতের বিচারক মো. সাব্বির ফয়েজের আদালতে অভিযোগপত্রগুলো গ্রহণ করা হয়। সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী মো. রিয়াজ হোসেন জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন। রিয়াজ হোসেন জাগো নিউজে বলেন, রপ্তানির নামে বিদেশে অর্থপাচারের অভিযোগে বেক্সিমকো গ্রুপের কর্ণধার সালমা ন এফ রহমানসহ ছয়জনের বিরুদ্ধে দায়ের করা পৃথক দুটি মামলার অভিযোগপত্র (চার্জশিট) গ্রহণ করেছেন আদালত। মামলার নথি অনুযায়ী , পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) অনুসন্ধানে জানতে পারে , বেক্সিমকো গ্রুপের অটাম লুপ অ্যাপারেলস লিমিটেড এবং পিয়ারলেস গার্মেন্টস লিমিটেডের মাধ্যমে এই অর্থ পাচার করা হয়েছে। অটাম লুপ অ্যাপারেলসের ক্ষেত্রে জনতা ব্যাংকের লোকাল অফিস শাখা থেকে তিনটি এলসির বিপরীতে পণ্য রপ্তানি করা হলেও , নির্ধারিত সময়ের মধ্যে ২৮ লাখ ৩২ হাজার ৪২৮ মার্কিন ডলার দেশে আনা হয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ রিহাব)

## ভারত থেকে পাইপলাইনে ডিজেল আমদানিসহ নানা ইস্যুতে আলোচনা

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠক করেছেন ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা। সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মন্ত্রিপরিষদ সভাকক্ষে বৈঠক হয়। এতে ভারত থেকে পাইপলাইনের মাধ্যমে ডিজেল আমদানিসহ বেশ কয়েকটি বিষয় নিয়ে আলোচনা হয়েছে। বৈঠকের শুরুতেই প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শুভেচ্ছা বার্তা পৌঁছে দেন প্রণয় ভার্মা। প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ূন কবির জানিয়েছেন , বৈঠকে ভারত থেকে পাইপলাই নের মাধ্যমে ডিজেল আমদানি ছাড়াও দ্বিপাক্ষিক সম্পর্ক ও

পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির নানা বিষয় নিয়ে আলোচনা হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , ইতিবাচক মানসিকতা থাকলে বাংলাদেশ ও ভারতের মধ্যে একটি নতুন ও সুদৃঢ় সম্পর্ক গড়ে তোলা সম্ভব। এ সময় দুই দেশের জনগণের মধ্যে সম্পর্ক আরও জোরদার করার উপরও গুরুত্ব দেন সরকারপ্রধান। জবাবে ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা জানান, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বাংলাদেশের সঙ্গে সম্পর্ক আরও এগিয়ে নিতে আগ্রহী ভারত। বৈঠকে শেখ হাসিনাকে ফেরানোর বিষয়ে এক প্রশ্নের জবাবে হুমা যূন কবির বলেন , "শেখ হাসিনা বাংলাদেশে রাজনৈতিকভাবে মরে গেছেন। শেখ হাসিনার আওয়ামী লীগ বলতে বাংলাদেশে এখন আর কিছু নেই।„
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## পাইকারিতে বেসামাল পাম অয়েল-সয়াবিন তেলের দাম

চট্টগ্রামের খাতুনগঞ্জের পাইকারি বাজারে হু হু করে বাড়ছে ভো জ্যতেলের দাম। পাম অয়েল ও সয়াবিন তেল দুটির দামই অস্বাভাবিকভাবে বাড়ছে। মাসের ব্যবধানে পাম অয়েল মণপ্রতি ৫০০-৬০০ টাকা ও সয়াবিন তেলের দাম বেড়েছে ২০০ থেকে ২৫০ টাকা। ব্যবসায়ীরা বলছেন , বাজারে মধ্যপ্রাচ্য যুদ্ধের প্রভাব ছাড়াও সিন্ডিকেটের মাধ্যমে ভোজ্যতেলের দাম বাড়ছে । পাশাপাশি ডিও হাত বদলের নামে অব্যবসায়ী পন্থায় লেনদেনের কারণে খাতুনগঞ্জের বাজারে দাম বাড়ছে ভোজ্যতেলের। জাতীয় রাজস্ব বোর্ডের তথ্যেও গত বছরের তুলনায় এ বছর ভোজ্যতেল কম আমদানি হয়েছে। এনবিআরের তথ্য বলছে , চলতি অর্থবছরের ১ জুলাই থেকে ৩১ মার্চ পর্যন্ত ৯ মাসে অপরিশোধিত সয়াবিন তেল আমদানি হয়েছে ৯ লাখ ৯৯ হাজার ৩৭ টন, অপরিশোধিত পাম অয়েল আমদানি হয়েছে ২০ লাখ ৪০ হাজার ৭৯২ টন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## রামেক হাসপাতালে হাম উপসর্গে আরও দুই শিশুর মৃত্যু

রাজশাহী মেডিকেল কলেজ রামেক হাসপাতালে আজও হামের উপসর্গ নিয়ে দু ই শিশুর মৃত্যু হয়েছে। এছাড়াও হাম সাসপেক্টেড হয়ে রামেকে বর্তমানে ভর্তি আছে ১৩৮ জন। সোমবার বেলা ১১টার দিকে রামেকের মিডিয়া মুখপাত্র ও ইমারজেন্সি মেডিকেল অফিসার ডা. শঙ্কর কে বিশ্বাস গণমাধ্যমকে এসব তথ্য জানান। রামেক মুখপাত্র বলেন, রোববার সকাল ৯টা থেকে সোমবার সকাল ৯টা পর্যন্ত (গত ২৪ ঘণ্টায়) রামেক হাসপাতালে হামে আক্রান্ত হয়ে মারা গেছে দুই শিশু। হাম সাসপেক্টেড হয়ে ভর্তি হয়েছে ২০ জন। হাম থেকে সুস্থ হয়ে বাড়ি ফিরেছে ৫ জন রোগী। নতুন ও পুরোনো সব মিলিয়ে বর্তমানে রামেক হাসপাতালে হাম সাসপেক্টেড শিশু ভর্তির সংখ্যা ১৩৮ জন। তিনি বলেন, হাম সাসপেক্টেড হয়ে ৪২ জনের মৃত্যু হয়েছে। শঙ্কর কে বিশ্বাস বলেন, আগের থেকে রোববার রামেক হাসপাতালে রোগী ভর্তির সংখ্যা বেশি ছিল। রোগীর চাপ বাড়তে থাকলে পুরো একটি শিশু ওয়ার্ডকে হাম আইসোলেশন ইউনিটে রূপান্তরের পরিকল্পনা রয়েছে। একইসঙ্গে স্বাস্থ্য সচিবের নির্দেশনায় রাজশাহীর হার্ট ফাউন্ডেশন হাসপাতালে আইসিইউতে থাকা হাম আক্রান্ত শিশুদের স্থানান্তরের উদ্যোগ নেওয়া হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## ৭-১৩ এপ্রিল জাটকা সংরক্ষণ সপ্তাহ

আগামী ৭ থেকে ১৩ এপ্রিল পর্যন্ত সরকার জাটকা সংরক্ষণ সপ্তাহ পালন করবে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশী দ। `জাটকা সংরক্ষণ সপ্তাহ -২০২৬, উপলক্ষ্যে সোমবার সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে মন্ত্রী এ কথা জানান। এ সময় মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকুও উপস্থিত ছিলেন। মন্ত্রী বলেন, ইলিশের টেকসই ও স্থায়িত্বশীল উৎপাদন নিশ্চিত করতে প্রতি বছর জাতীয়ভাবে সমন্বিত কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে। এর ধারাবাহিকতায় মৎস্যজীবী , ইলিশ ব্যবসায়ী, আড়তদার, ভোক্তাসহ সব শ্রেণির জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতি বছরের মতো এ বছরও ৭ থেকে ১৩ এপ্রিল পর্যন্ত `জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬, উদ্‌যাপন করা হবে। তিনি বলেন , এ বছরের জাটকা সংরক্ষণ সপ্তাহের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে - `জাটকা ধরা থামাই যদি, ইলিশে ভরবে সাগর-নদী,। দেশের ইলিশ সমৃদ্ধ ২০টি জেলায় `জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬, উদ্‌যাপন করা হবে। এ লক্ষ্যে তিন দি নব্যাপী কেন্দ্রীয় কর্মসূচি এবং মাঠপর্যায়ে (জেলা ও উপজেলা পর্যায়ে) উপযোগী কর্মসূচি পালিত হবে। এ বছর জাটকা সংরক্ষণ সপ্তাহের উদ্‌বোধনী অনুষ্ঠান আগামী ৭ এপ্রিল চাঁদপুর সদরে অনুষ্ঠিত হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## সংরক্ষিত নারী আসনের ভোট ১২ মে

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের ভোটগ্রহণ ১২ মে অনুষ্ঠিত হবে। আগামী ৮ এপ্রিল এই নির্বাচনের তফশিল ঘোষণা করবে নির্বাচন কমিশন। সোমবার দুপুরে আগারগাঁওয়ের নির্বাচন কমিশন ভবনে ১১তম কমিশন সভা শেষে নির্বাচন কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদ এ তথ্য জানান। এর আগে , প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিনের সভাপতিত্বে পৌনে ৩ ঘণ্টা ধরে নির্বাচন নিয়ে সভা হয়। আইন অনুযায়ী, ৫০টি সংরক্ষিত নারী আসন, ৩০০ সাধারণ আসনের ভিত্তিতে ভাগ করা হয়। কোন দল বা জোট কত আসন পেয়েছে , তার অনুপাতে সংরক্ষিত নারী আসন নির্ধারণ হয়। এই হিসাবে বিএ নপি পাবে ৩৬টি আসন, বাংলাদেশ জামায়াতে ইসলামী ১২টি,

স্বতন্ত্র প্রার্থীরা জোট করলে ২টি আসন এবং জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) একটি আসন পাবে। তবে ছোট দলগুলো জোট না করলে, কোনো আসন পাবে না। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## ড. ইউনূসের দেশত্যাগে নিষেধাজ্ঞা চেয়েলিগ্যাল নোটিশ

সাবেক প্রধান উপদেষ্টা ড. ইউনূস ও সাবেক সব উপদেষ্টাসহ ২৪ জনের দেশত্যাগে নিষেধাজ্ঞা দিতে সরকারের সংশ্লিষ্টদের প্রতি লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। হামের টিকাকে রাষ্ট্রীয় ব্যবস্থা থেকে বেসরকারি খাতে দেওয়ার সঙ্গে জড়িত থাকার অভিযোগ তুলে এ লিগ্যাল নোটিশ পাঠানো হয়। সোমবার সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার এম আশরাফুল ইসলাম এ নোটিশ পাঠান। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## আমলাতন্ত্র এখনো আগের মতোই মূল নির্ণায়ক বাংলাদেশে: টিআইবি

দেশে কার্যকর মানবাধিকার কমিশন গঠন এবং গুম প্রতিরোধে অন্তর্বর্তী সরকারের প্রণীত অধ্যাদেশগুলো দ্রুত পাস না হওয়ার পেছনে 'রাজনৈতিক, ও 'আমলাতান্ত্রিক, বাধা রয়েছে বলে মন্তব্য করেছেন ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের টিআইবি নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। তিনি বলেছেন, "আমলাতন্ত্র এখনো আগের মতোই মূল নির্ণায়ক বাংলাদেশে মন্ত্রিপরিষদ ও জাতীয় সংসদ থাকলেও, তাদের সিদ্ধান্ত নেওয়ায় আমলাতন্ত্রের প্রভাব গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।„ সোমবার সকালে টিআইবি কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। সংবাদ সম্মেলনে অন্তর্বর্তী সরকারের প্রণীত কয়েকটি অধ্যাদেশ রহিত, বাতিল বা সংশোধন বিষয়ে নিজেদের অবস্থান তুলে ধরে টিআইবি। এতে আরও উপস্থিত ছিলেন সংস্থাটির পরিচালক মুহাম্মদ বদিউজ্জামান এবং উপদেষ্টা অধ্যাপক ড. সুমাইয়া খায়ের। এসময় পুলিশ কমিশন অধ্যাদেশ এবং জাতীয় উপাত্ত ব্যবস্থাপনা অধ্যাদেশ বাতিলের সুপারিশ করে টিআইবি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## পাটগ্রাম সীমান্তে ঘাস কাটতে যাওয়া যুবককে বিএসএফের গুলি

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলার সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের গুলিতে মো. মিজানুর রহমান নামে এক বাংলাদেশি যুবক গুলিবিদ্ধ হয়েছেন। সোমবার সকালে ঘাস কাটতে গেলে এ ঘটনা ঘটে। ঘটনার পর থেকে সীমান্ত এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে। আহত মিজানুর রহমান পাটগ্রাম উপজেলার রহমতপুর গাটিয়ার ভিটা গ্রামের মো. মফিজুল ইসলামের ছেলে। স্থানীয় ও সীমান্ত সূত্রে জানা যায়, সোমবার সকাল আনুমানিক সাড়ে ১০টার দিকে ৬১ বিজিবির তিস্তা ব্যাটালিয়নের অধীন ধবলসুতি বিওপির দায়িত্বপূর্ণ সীমান্ত পিলার ৮২৬/১-এস সংলগ্ন এলাকায় মিজানুর রহমান ঘাস কাটতে যান। এক পর্যায়ে তিনি শূন্যরেখা অতিক্রম করে ভারতের প্রায় ১০ গজ অভ্যন্তরে প্রবেশ করেন। এসময় ভারতীয় ৯৮ বিএসএফ ব্যাটালিয়নের গোমতী ক্যাম্পের একটি টহল দল তাকে লক্ষ্য করে এক রাউন্ড গুলি ছোড়ে। গুলিটি মিজানুরের কাঁধে বিদ্ধ হয়। গুলিবিদ্ধ অবস্থায় তিনি দ্রুত দৌড়ে বাংলাদেশের অভ্যন্তরে ফিরে আসেন। পরে স্থানীয়রা তাকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে উন্নত চিকিৎসার জন্য রংপুরে পাঠান।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## শিশুর হাম নিয়ে বাবা-মায়ের নাভিশ্বাস, স্পষ্ট তথ্য দিচ্ছে না সরকার: তাসনিম জারা

হামের ভয়াবহ প্রাদুর্ভাবে শিশুদের নিয়ে বাবা-মায়েদের নাভিশ্বাস অবস্থা হলেও, সরকার স্পষ্ট তথ্য ও নির্দেশনা দিচ্ছে না বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির সাবেক যুগ্ম সদস্যসচিব ডা. তাসনিম জারা। তিনি বলেন, শিশুদের বাবা-মায়েদের নাভিশ্বাস অবস্থা। তারা বুঝতে পারছেন না যে, করণীয়টা কী? জ্বর আসছে, তখনি কি তারা ডাক্তারের কাছে যাবেন, নাকি র্যাশ উঠলে যাবেন; কখন যাবেন, কোথায় যাবেন? উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যাবেন, নাকি জেলা হাসপাতালে যাবেন? নাকি শিশুকে ঘরে রেখে আইসোলেট করবেন। তাসনিম জারা বলেন, আবার আক্রান্ত শিশুকে ভিটামিন 'এ, দেওয়ার জন্য হাসপাতালে নিয়ে যাবেন, সেখান থেকে যে অন্য বাচ্চাদের যে ছড়াবে না, সেই নিশ্চয়তা কি আছে? সরকার তথা স্বাস্থ্য বিভাগের নির্দেশনাও অস্পষ্টতা, তথ্যের প্রবাহ নেই। এ তথ্য যদি না থাকে, তাহলে অভিভাবকরা এক হাসপাতাল থেকে আরেক হাসপাতালে যাবেন এবং তাতে অসংখ্য শিশু আরও বেশি আক্রান্ত হবে। কোনো নির্দেশনায় স্পষ্ট করে এ তথ্য আমি দেখিনি। এটা আমাদের জনস্বাস্থ্য কাঠামোর সবচেয়ে বড়ো ও ভয়াবহ দুর্বলতা। সোমবার রাজধানীর গুলশানের একটি রেস্তোরাঁয় আয়োজিত প্যানেল আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। সাতটি বেসরকারি উন্নয়ন সংস্থার জোট কোয়ালিশন ফর অ্যাডভান্সিং ইক্যুয়ালিটি অ্যান্ড জাস্টিস সমতা, ন্যায়বিচার প্রতিষ্ঠায় নতুন সরকারের প্রতিশ্রুতি, বাস্তবতা ও ভবিষ্যৎ শীর্ষক আলোচনা সভার আয়োজন করে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## বোয়িং থেকে উড়োজাহাজ লিজ নিতে চায় বাংলাদেশ

মার্কিন প্রস্তুতকারী প্রতিষ্ঠান বোয়িং থেকে উড়োজাহাজ লিজ নিতে চায় বাংলাদেশ। কোম্পানিটির ভাইস প্রেসিডেন্ট পল রিঘির কাছে এ আগ্রহের কথা জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী আফরোজা খানম রিতা। সোমবার সচিবালয়ে মন্ত্রীর দপ্তরে বোয়িংয়ের ভাইস প্রেসিডেন্ট সাক্ষাৎ করতে আসেন। এসময় প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান

মিল্লাত উপস্থিত ছিলেন। বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সাক্ষাৎকালে সরকারের সঙ্গে বোয়িংয়ের চুক্তির বি ভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পাশাপাশি , দেশের বর্তমান চাহিদা পূরণের লক্ষ্যে কোম্পানিটি থেকে উড়োজাহাজ লিজ নেওয়ার বিষয়ে আগ্রহ প্রকাশ করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## ২০২৪-২৫ অর্থবছরে দেশের মাথাপিছু আয় ২ হাজার ৭৬৯ মার্কিন ডলার

২০২৪-২৫ অর্থবছরে দেশের মাথাপিছু আয় ২ হাজার ৭৬৯ মার্কিন ডলার বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। জাতীয় সংসদে ঢাকা-১৮ আসনের সংসদ সদস্য এস এম জাহাঙ্গীর হোসেনের লিখিত প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। সোমবার ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে নবম দিন সভাপতি ত্ব করেন স্পিকার হফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম। অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন , বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ প্রকাশিত সরকারি তথ্য অনুযায়ী, ২০২৪-২৫ অর্থবছরে দেশের মাথাপিছু আয় ২ হাজার ৭৬৯ মার্কিন ডলার। বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য হলো - ২০৩৪ সালের মধ্যে ট্রিলিয়ন ডলারের অর্থনীতি মাইলফলক অর্জন করা। এ লক্ষ্যে সরকার বিনিয়োগ , কর্মসংস্থান, অর্থনৈতিক গণতন্ত্রায়ণ, ক্রিয়েটিভ অর্থনীতি, স্পোর্টস অর্থনীতি ইত্যাদিকে বিবেচনায় নিয়ে কর্মপরিকল্পনা তৈরি করছে। অর্থমন্ত্রী সংসদে জনগণের মাথাপিছু আয় বাড়ানোর জন্য সরকা র শুধু একটি খাতে নয় বরং কর্মসংস্থান , বিনিয়োগ, উৎপাদন, রপ্তানি, প্রবাসী আয়, দক্ষতা উন্নয়ন, সামাজিক সুরক্ষা এবং সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা সবগুলো দিক একসঙ্গে গুরুত্ব দিয়ে কাজ করছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিলবোর্ডের বতিও ৭টার মধ্যে বন্ধের নির্দেশ

বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে দোকানপাট এবং শপিংমলের পাশাপাশি মেলা , সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিলবোর্ডের বাতিও সন্ধ্যা ৭টার মধ্যে বন্ধের নির্দেশ দিয়েছে সরকার। নির্দেশনা বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সোমবার সব বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের কাছে চিঠি পাঠিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। এর আগে , এ বিষয়ে বিদ্যুৎ বিভাগ থেকে মন্ত্রিপরিষদ বিভাগে চিঠি দেওয়া হয়। মন্ত্রিপরিষদ বিভাগ চিঠিতে জানায়, ৪ এপ্রিল দেশের বিভিন্ন ব্যবসায়িক সংগঠনের নেতাদের সঙ্গে প্রধানমন্ত্রীর সভা হয়। ওই সভায় ব্যবসায়িক সংগঠনে র প্রতিনিধিদের অনুরোধের পরিপ্রেক্ষিতে বিভিন্ন শপিংমল, বিপণিবিতান ও দোকান সন্ধ্যা ৭টা পর্যন্ত খোলা রাখার বিষয়ে প্রধানমন্ত্রী সম্মতি দেন। এই সময়সীমা দেশের বিভিন্ন প্রান্তে চলমান এবং অনুষ্ঠিত হতে যাওয়া মেলা বা বাণিজ্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের ক্ষেত্রেও প্র যোজ্য হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## হাম রোধে সাড়ে ৫ বছর ক্যাম্পেইন চলেনি, মজুত করা হয়নি টিকা

দেশে বর্তমানে হামের প্রাদুর্ভাব বৃদ্ধি ও টিকার সংকটের জন্য জাতীয় সংসদে পূর্ববর্তী সরকারগুলোর কড়া সমালোচনা করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। তিনি জানিয়েছেন, গত সাড়ে পাঁচ বছর হাম-রুবেলা টিকার কোনো ক্যাম্পেইন না হওয়ায় এবং টিকা মজুতে অদূরদর্শী সিদ্ধান্তের কারণে বর্তমানে শিশুরা প্রাণঝুঁকিতে পড়েছে। তবে বর্তমান সরকার জরুরি ভিত্তিতে ৫ এপ্রিল থেকে টিকাদান কর্মসূচি শুরু করেছে। সোমবার (৬ এপ্রিল) সংসদ অধিবেশনে রংপুর -৪ আসনের সংসদ সদস্য আখতার হোসেনের এক জরুরি জনগুরুত্বপূর্ণ নোটিশের জবাবে স্বাস্থ্যমন্ত্রী এসব তথ্য জানান। আক্তার হোসেন দেশের বিভিন্ন স্থানে হামের প্রাদুর্ভাব , আইসোলেশন ও আইসিইউ সুবিধার অভাব এবং ৬ মাস বয়সেই শিশুদের আক্রান্ত হওয়ার বিষয়টি তুলে ধরে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন। ডেপুটি স্পিকার কায়সার কামালের সভাপতিত্বে চলা অধিবেশনে স্বাস্থ্যমন্ত্রী বলেন, প্রতি চার বছর পরপর হাম-রুবেলা টিকার ক্যাম্পেইন হওয়ার কথা থাকলেও, গত সাড়ে পাঁচ বছর যাবৎ তা হয়নি। ফলে বিপুলসংখ্যক শিশু টিকা পাওয়া থেকে বঞ্চিত হয়েছে। বর্তমানে তাদের মধ্যেই হামের প্রাদুর্ভাব বেশি। এছাড়া , পূর্ববর্তী সরকারের অদূরদর্শী সিদ্ধান্তের ফলে টিকা সংগ্রহ ও সরবরাহ ব্যবস্থায় দীর্ঘসূত্রতা তৈরি হয়, যার ফলে হামসহ ছয়টি গুরুত্বপূর্ণ টিকার মজুতে মারাত্মক সংকট দেখা দেয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ রিহাব)

## সংবিধান পুরোপুরি বাতিল করার সুযোগ নেই, প্রয়োজনীয় পরিবর্তন আনতে হবে

বর্তমান সংবিধান পুরোপুরি বাতিল করার সুযোগ নেই। সবার সঙ্গে আলোচনা করে এতে প্রয়োজনীয় পরিবর্তন আনতে হবে বলে জানিয়েছেন জাতীয় সংসদের চিফ হুইপ মো . নূরুল ইসলাম। সোমবার (৬ এপ্রিল) ঢাকার মার্কিন দূতাবাসের রাজনৈতিক কর্মকর্তা স্টুয়ার্ট জেমস চিফ হুইপের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি এ কথা বলেন। সংসদ ভবনে চিফ হুইপের কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এতে বাংলাদেশের গণতান্ত্রিক যাত্রা , জুলাই সনদ বাস্তবায়ন, সংবিধান সংশোধনের পদ্ধতি ও কার্যকর সংসদ গঠনে সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। চিফ হুইপ বলেন , "গণতান্ত্রিক যাত্রাকে সঠিক পথে নিতে হলে সংবিধান সংশোধনের কোনো

বিকল্প নেই। বিগত ফ্যাসিস্ট সরকার ব্যক্তি স্বার্থে সংবিধানের অনেক জায়গায় পরিবর্তন এনে ছে। জনগণের স্বার্থে এই সংবিধানকে আবারও জনবান্ধব করতে হবে।„ (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ রিহাব)

## এসএসসিতে বাড়তি নম্বর দিলে শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা: শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন , আসন্ন এসএসসি ও সমমান পরীক্ষা নকলমুক্ত ও সুষ্ঠু পরিবেশে আয়োজন করা হবে। পরীক্ষা যেমন সুষ্ঠু ও নকলমুক্ত হবে , তেমনি খাতা মূল্যায়নও হবে সম্পূর্ণ নিয়মের মধ্যে। খাতা মূল্যায়নে কোনো শিক্ষক বাড়তি নম্বর দিলে , তাকে শাস্তির আওতায় আনা হবে। সোমবার (৬ এপ্রিল) এসএসসি ও সমমান পরীক্ষা উপলক্ষ্যে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সভায় ময়মনসিংহ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড এবং ময়মনসিংহ অঞ্চলের মাদরাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের কেন্দ্র সচিবরা অংশ নেন। অতীতের কিছু অনিয়মের প্রসঙ্গ উল্লেখ করে এহছানুল হক মিলন বলেন , পরীক্ষার ফলাফলে কৃত্রিম সাফল্য প্রদর্শনের প্রবণতা শিক্ষার মানকে ক্ষতিগ্রস্ত করে। এ ধরনের অনৈতিক চর্চা থেকে সম্পূর্ণভাবে বেরিয়ে এসে একটি জবাবদিহিমূলক ও মানসম্মত শিক্ষাব্যবস্থা গড়ে তুলতে হবে। সরকারের ধারাবাহিক প্রচেষ্টায় শিক্ষাব্যবস্থার গুণগত মানোন্নয়নে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এক্ষেত্রে শিক্ষক , প্রশাসন এবং সংশ্লিষ্ট সবার সমন্বিত উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ রিহাব)

## নতুন সময়সূচিতে চলবে হাইকোর্ট

সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের জন্য নতুন সময়সূচি নির্ধারণ করা হয়েছে। নতুন সূচি অনুযায়ী , সকাল সাড়ে ১০টা থেকে বিকেল পৌনে ৪টা পর্যন্ত হাইকোর্ট চলবে। এর মধ্যে দুপুর সোয়া ১টা থেকে ২টা পর্যন্ত জোহরের নামাজ ও মধ্যাহ্নভোজের বিরতি থাকবে। সোমবার (৬ এপ্রিল) সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে এ বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। হাইকোর্ট বিভাগের রেজিস্ট্রার মুহাম্মদ নুরু ল আমীন বিপ্লব এ বিজ্ঞপ্তি জারি করেন। বিজ্ঞপ্তিতে বলা হয় , ৬ এপ্রিল (আজ) থেকে এই সূচিতে আদালত চলবে। আর অফিসের সময়সূচি হচ্ছে সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত। শুক্র ও শনিবার আগের মতোই সাপ্তাহিক ছুটি থাকবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ রিহাব)

## সশস্ত্র বাহিনী বিভাগেরও দায়িত্বে প্রধানমন্ত্রীর উপদেষ্টা শামছুল ইসলাম

প্রতিমন্ত্রী পদমর্যাদায় প্রধানমন্ত্রীর উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলামকে সশস্ত্র বাহিনী বিভাগেরও দায়িত্ব দেওয়া হয়েছে। তার দায়িত্ব বাড়িয়ে সোমবার (৬ এপ্রিল) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। রুলস অব বিজনেস অনুযায়ী , দপ্তর পুনর্বণ্টন করে প্রধানমন্ত্রী তাকে এই নতুন করে দায়িত্ব দিয়েছেন বলে প্রজ্ঞাপনে জানানো হয়েছে। এত দিন শামসুল ইসলাম প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টার দায়িত্বে ছিলেন। এখন তিনি একইসঙ্গে সশস্ত্র বাহিনীর বিভাগের দায়িত্বও পালন করবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ রিহাব)

## ভোলায় এক ট্রলারেই মিললো ২০ ব্যারেল ডিজেল, আটক ১

ভোলার তেঁতুলিয়া নদীতে একটি ট্রলারে অভিযান চালিয়ে অবৈধভাবে মজুত ২০ ব্যারেল ভর্তি প্রায় ৪ হাজার লিটার ডিজেল জব্দ করেছে কোস্টগার্ড। এ সময় মো . মামুন মিয়াজী (২৮) নামে একজনকে আটক করা হয়েছে। সোমবার (৬ এপ্রিল) বিকেলে সদর উপজেলার ভেদুরিয়া ইউনিয়নের চর চটকিমারা সংলগ্ন নদী এলাকায় এই অভিযান পরিচালনা করা হয়। আটক মামুন মিয়াজী বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলার শ্রীপুর ইউনিয়নের বাহেরচর গ্রামের আব্দুর জব্বার মিয়াজীর ছেলে। কোস্টগার্ড দক্ষিণ জোনের মিডিয়া কর্মকর্তা লে . আবুল কাশেম তথ্য নিশ্চিত করে জানান , ভোলার চটকিমারা এলাকার তেঁতুলিয়া নদী থেকে একটি ট্রলারে তল্লাশি করা হয়। পরে ওই ট্রলার থেকে ২০ ব্যারেল ভর্তি প্রায় ৪ হাজার জব্দ করা হয়। জব্দকৃত ডিজেল ও আটক ব্যক্তির বিরুদ্ধ আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী ম্যাজিস্ট্রেটের কাছে হস্তান্তর করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ রিহাব)

## জ্বালানি সংকটে বান্দরবানে হোটেল-রিসোর্টে কমেছে আগাম বুকিং

বান্দরবানে জ্বালানি সংকটে কমেছে হোটেল -রিসোর্টের আগাম বুকিংয়ের সংখ্যা। একইসঙ্গে ভোগান্তিতে পড়েছেন পর্যটকবাহী গাড়ি ও বোট চালকরা। সোমবার (৬ এপ্রিল) সকালে পর্যটন সংশ্লিষ্ট ব্যবসায়ীদের সঙ্গে কথা বলে এমন তথ্য জানা যায়। সংশ্লিষ্ট ব্যবসায়ীরা জানান , বছর জুড়েই কমবেশি পর্যটকের পদচারণায় মুখর থাকে প্রকৃতির অপার সৌন্দর্যে ঘেরা পাহাড় কন্যা খ্যাত অপরুপা বান্দরবান। বৈশ্বিক পরিস্থিতিতে সারা দেশের মতো বান্দরবানেও দেখা দিয়েছে তীব্র জ্বালানি সংকট। এতে জেলার হোটেল রিসোর্টগুলোতে যেমন আগাম রুম বুকিংয়ের সংখ্যা কমেছে , তেমনি জ্বালানি সংকটের কারণে ভোগান্তিতে পড়ছে হচ্ছে পর্যটকবাহী গাড়ি চালক ও পর্যটকদের। এ নিয়ে চরম বিপর্যয়ের পথের দিকে যাচ্ছে বান্দরবানের পর্যটনশিল্প। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ রিহাব)

### বাদল ফরাজির কারামুক্তি চেয়ে ৭ দিনের আলটিমেটাম

কারাভোগ শেষ হওয়ার চার বছর পার হলেও , বাদল ফরাজিকে মুক্তি না দেওয়া য় ক্ষোভ প্রকাশ করেছেন তার স্বজনেরা। একইসঙ্গে আগামী সাতদিনের মধ্যে তার মুক্তির বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা না পেলে কঠোর কর্মসূচির ঘোষণা দিয়েছেন তারা। সোমবার (৬ এপ্রিল) দুপুরে জাতীয় প্রেস ক্লাবের সামনে এক মানববন্ধন থেকে এ ঘোষণা দেওয়া হয়। `ভুল বিচারে ১৮ বছর, ভারত থেকে বাংলাদেশ ! বাদল ফরাজির মুক্তি কবে ?,- স্লোগানে এ মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। `বাংলাদেশের সর্বস্তরের জনগণ , ব্যানারে এই মানববন্ধনের আয়োজন করা হয়। বাদল ফরাজির বড়ো বোন আকলিমা আক্তার , প্রচেষ্টা ফাউন্ডেশনের সহ-প্রতিষ্ঠাতা পাভেল বাবু, `বাদলের কারাবাস, বইয়ের লেখক রাহিতুল ইসলামসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এতে অংশ নেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ রিহাব)

### বাধ্যতামূলক হচ্ছে কারা গাড়ি চালকদের ডোপ টেস্ট

কারা অধিদপ্তরের আওতাধীন সব গাড়ি চালকের জন্য বছরে অন্তত একবার ডোপ (মাদক) টেস্ট বাধ্যতামূলক করা হয়েছে। পাশাপা শি, এ পরীক্ষার প্রতিবেদন বার্ষিক গোপনীয় অনুবেদনের (এসিআর) সঙ্গে সংযুক্ত করার নির্দেশ দেওয়া হয়েছে। সোমবার (৬ এপ্রিল) কারা অধিদপ্তরের অতিরিক্ত কারা মহাপরিদর্শক কর্নেল মোহাম্মদ মোস্তফা কামাল স্বাক্ষরিত এক নির্দেশনায় এ তথ্য জানানো হয়। এতে বলা হয় , জনপ্রশাসন মন্ত্র ণালয়ের 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২৩' এবং বাংলাদেশ ফরম নং -২৯০ (চ) ২০২৩ অনুযায়ী গাড়ি চালকদের মূল্যায়ন কার্যক্রম পরিচালিত হয়। সংশ্লিষ্ট ফরমের স্বাস্থ্য প্রতিবেদনের অংশে সর্বশেষ ডোপ টেস্ট রিপোর্টের ভিত্তিতে মাদকাসক্তি সংক্রান্ত মন্তব্য আবশ্যিকভাবে লিপি বদ্ধ করার নির্দেশনা বিদ্যমান। এর আগে , জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০২৪ সালের ১৮ জানুয়ারি তারিখের এক স্পষ্টীকরণে বলা হয়েছিল , ড্রাইভিং লাইসেন্স ইস্যু বা নবায়নের সময় দাখিল করা ডোপ টেস্ট রিপোর্টকেই সর্বশেষ রিপোর্ট হিসেবে গণ্য করা যাবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ রিহাব)

### বিএনপি জোট ৩৬, জামায়াত জোট ১৩ ও স্বতন্ত্ররা পাবেন একটি

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসন বণ্টনে বিএনপি জোট ৩৬টি এবং জামায়াতে ইসলামী জোট ১৩টি পাচ্ছে। সেই সঙ্গে স্বতন্ত্রদের ঝুলিতে যাচ্ছে একটি। সোমবার (৬ এপ্রিল) নির্বাচন কমিশনের (ইসি) ১১তম সভা শেষে ইসি সচিব আখতার আহমেদ সাংবাদিকদের এ তথ্য জানান। সংসদ সদস্য রুমিন ফারহানা স্বতন্ত্রদের জোটে যাবেন না বলে জানিয়েছেন উল্লেখ করে ইসি সচিব বলেন , এক্ষেত্রে বিএনপি জোট ৩৬টি, জামায়াত জোট ১৩টি আর স্বতন্ত্র প্রার্থীরা একটি আসন পাবেন। গত ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদের ৩০০ আসনের মধ্যে ২৯৯টিতে ভোট হয়। তবে আদালতে মামলা নিষ্পত্তি না হওয়ায় , চট্টগ্রাম-২ ও ৪ আসনের ফল প্রকাশ এখনো স্থগিত রেখেছে ইসি। অন্যদিকে, শেরপুর-৩ আসনে একজন বৈধ প্রার্থী মারা যাওয়ায় ভোট স্থগিত থাকে। এছাড়া , বগুড়া-৬ আসন তারেক রহমান ছেড়ে দেওয়ায় এ দুই আসনের নির্বাচন আগামী ৯ এপ্রিল অনুষ্ঠিত হবে। বর্তমানে সংসদে বিএনপির ২০৮ এবং তাদের জোটসঙ্গী গণঅধিকার পরিষদ , বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি) ও গণসংহতি আন্দোলনের একজন করে প্রতিনিধি রয়েছেন। আর জামায়াতের ৬৮ এবং তাদের জোটসঙ্গী জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ছয়, বাংলাদেশ খেলাফত মজলিশের দুই এবং ইসলামি আন্দোলন বাংলাদেশের ও খেলাফত মজলিশের একটি করে আসন আছে। স্বতন্ত্র প্রার্থীরা পেয়েছেন সাতটি আসন। আইন অনুযায়ী , কোনো দল সংসদে যতগুলো আসন পায় , সেই সংখ্যাকে ৫০ দিয়ে গুণ করে প্রাপ্ত ফলাফলকে ৩০০ দিয়ে ভাগ করলে যে ফল আসে, সেটিই হচ্ছে সংশ্লিষ্ট দলের সংরক্ষিত নারী আসন সংখ্যা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ রিহাব)

### ভোটার তালিকা সংশোধন বিল পাস

নির্বাচনসংক্রান্ত কার্যক্রম আরও সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য জাতীয় সংসদে `রিপ্রেজেন্টেশন অব দি পিপলস (অ্যামেন্ডমেন্ট) বিল-২০২৬, এবং ভোটার তালিকা সংশো ধন বিল পাস হয়েছে। সোমবার (৬ এপ্রিল) সংসদে আরপিও,র ২৭, ৩৭, ৩৯, ৮৯ ও ৯১ অনুচ্ছেদ সংশোধনের লক্ষ্যে ২০২৫ সালে অন্তর্বর্তী সরকারের জারি করা দুটি অধ্যাদেশ আইন আকারে পাস করার প্রস্তাব উত্থাপন করেন আইনমন্ত্রী আসাদুজ্জামান। বিলগুলোর মাধ্যমে আরপিওতে পোস্টাল ব্যালট পেপারের বিষয়টি স্পষ্ট করা এবং নিরাপত্তা জোরদার করার জন্য প্রয়োজনীয় সংশোধন আনা হয়েছে। অধ্যাদেশ দুটির উদ্দেশ্য ছিল নির্বাচন প্রক্রিয়া আরও স্বচ্ছ ও কার্যকর করা। বিকেলে স্পিকারের সভাপতিত্বে শুরু হওয়া সংসদ অধিবেশনে `রিপ্রেজেন্টেশন অব দি পিপলস (অ্যামেন্ডমেন্ট) বিল-২০২৬, এবং ভোটার তালিকা সংশোধন বিল পাসের প্রস্তাব দেন আইনমন্ত্রী। পরে কণ্ঠভোটের মাধ্যমে বিল দুটি পাস হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ রিহাব)

### হেফাজত থেকে আসামির পলায়ন, শাস্তি পেলেন অতিরিক্ত এসপি কনক দাস

পুলিশ হেফাজত থেকে এজাহারভুক্ত এক নম্বর আসামি এসআ ই সুকান্ত দাসের পালিয়ে যাওয়ার ঘটনায় , অতিরিক্ত পুলিশ সুপার কনক কুমার দাসকে `তিরস্কার, শাস্তি দেওয়া হয়েছে। সোমবার (৬ এপ্রিল) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র

সচিব মনজুর মোর্শেদ চৌধুরীর স্বাক্ষরে জারি করা এ প্রজ্ঞাপনে এ শাস্তির কথা উল্লেখ করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের শৃঙ্খলা-২ শাখা থেকে জারি করা প্রজ্ঞাপনে জানানো হয় , আলমডাঙ্গা থানার তিওরবিলা পুলিশ ক্যাম্পে থাকা এসআই সুকান্ত দাসকে নিরাপত্তার স্বার্থে পুলিশ লাইন্সে সংযুক্ত করে সার্বক্ষণিক নজরদারিতে রাখার নির্দেশ দেওয়া হয়েছিল। এ বিষয়ে চুয়াডাঙ্গার তৎকালীন অতিরি ক্ত পুলিশ সুপার (বর্তমানে বগুড়া -৪ এপিবিএনে কর্মরত) কনক কুমার দাসকে মোবাইল ফোনে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়। তবে অভিযোগ ওঠে , তিনি যথাযথ নজরদারি ও তদারকির ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হন। এর ফলে এসআই সুকান্ত দাস পুলিশ লাইন্স থেকে পালিয়ে যান।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ রিহাব)

## ঢাকায় ভয়ানক মাদক ‘কিটামিন, তৈরির ল্যাব, ৩ চীনা নাগরিক গ্রেফতার

রাজধানীতে ভয়ানক মাদক ‘কিটামিন, প্রস্তুতের একটি ল্যাবসহ তিন চীনা নাগরিককে গ্রেফতার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (ডিএনসি)। সোমবার (৬ এপ্রিল) ডিএনসির উপ-পরিচালক মেহেদী হাসান এ তথ্য জানান। তিনি বলেন, ভয়ানক মাদক ‘কিটামিন, প্রস্তুতের ল্যাবসহ তিনজন চীনা নাগরিককে গ্রেফতার করা হয়েছে। তাদের বিরুদ্ধে মামলার তদন্তকাজে অগ্রগতি হয়েছে। চক্রটি ক্রিপ্টোকারেন্সিতে কিটামিনের লেনদেন করতেন। তাদের কাছ থেকে ক্রিপ্টো ওয়ালেট জব্দ করা হয়েছে। তবে গ্রেফতার তিন চীনা নাগরিকের নাম-পরিচয় প্রকাশ করেনি ডিএনসি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ রিহাব)

## শেখ হাসিনাসহ ২২ জনের বিরুদ্ধে গুমের অভিযোগ দিলেন সাবেক যুবদল নেতা

ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের (ডিজিএফআই) সাবেক মহাপরিচালক লেফটেন্যান্ট জেনারেল (অব.) শেখ মামুন খালেদসহ ২২ জনের বিরুদ্ধে গুম ও নির্যাতনের অভিযোগ দিয়েছেন মো . মশিউর রহমান (মামুন) নামের যুক্তরাজ্যপ্রবাসী এক ব্যক্তি। সোমবার (৬ এপ্রিল) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটরের কার্যালয়ে এ অভিযোগ জ মা দেন তিনি। মশিউর রহমান জানান , তিনি যুবদলের কেন্দ্রীয় কমিটির সদস্য ছিলেন। গুম ও নির্যাতনের অভিযোগ দিতে দেশে এসেছেন তিনি। সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান ও পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদের বিরুদ্ধেও অভিযোগ দিয়েছেন ভুক্তভোগী মশিউর রহমান। তবে তিনি সবার নাম প্রকাশ করেননি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ রিহাব)

# BBC

## EMERGENCY JABS AFTER 100 CHILDREN DIE OF SUSPECTED MEASLES IN A MONTH IN BANGLADESH

Bangladesh has launched an emergency vaccination campaign after a fast-spreading measles outbreak is suspected of killing more than 100 people, mostly children, in what may be the country's most lethal wave of the disease in recent history. The campaign, which began on Sunday, comes amid more than 7,500 suspected measles cases since 15 March, according to health ministry data. More than 900 of these cases have been confirmed - a sharp increase from 2025, when just 125 measles cases were recorded over the entire year, local media report. While Bangladesh has long vaccinated children against the highly contagious disease, the recent outbreak has exposed gaps in its programme, raising concern. "Vaccines are foundational to child survival," Rana Flowers, the Unicef representative in Bangladesh, said in a statement on Sunday, adding that the current measles outbreak was "putting thousands of children, especially the youngest and most vulnerable, at serious risk."

**Why is there a spike in measles in Bangladesh?**

In Bangladesh, a nation of 170 million people, routine measles vaccines are given to children as young as nine months old. But Shahriar Sajjad, deputy director of the Health Department, told BBC Bangla that about one-third of those infected in the recent outbreak were under nine months old. The infections of these young infants "who are not yet eligible for routine vaccination, are especially alarming", said Flowers from Unicef. On top of routine vaccinations, Bangladesh conducts special measles vaccination campaigns every four years. But these campaigns haven't gone according to plan. There have been no special measles vaccination campaigns since 2020, first because of Covid then because of the "political situation", Sajjad told BBC Bangla. Bangladesh experienced political upheaval in 2024, when massive anti-government protests toppled its long-ruling leader Sheikh Hasina. An interim government took over after Hasina's ousting, and only in February this year did the country elect a new government. A measles vaccination campaign was supposed to be held in April this year, "but it did not happen", Sajjad said. A health official said procurement

issues had led to a shortage of vaccines, including for measles, the Daily Star reported. Many in Bangladesh have blamed the vaccine shortages on the former interim government, which oversaw a new vaccine procurement system. But measles resurgences "are typically the result of these accumulated gaps rather than a single factor", Unicef said in its statement. "Bangladesh has a strong history of high immunisation coverage, but even small disruptions can lead to the gradual accumulation of immunity gaps over time."

**What is Bangladesh doing about it?**

Along with international partners like Unicef and the World Health Organization (WHO), Bangladesh has launched an emergency vaccination campaign for measles and rubella, a milder disease with similar symptoms to measles. This campaign, which started on Sunday, will be rolled out across 30 upazilas - sub-districts in Bangladesh - and targets more than 1.2 million children between six months and five years old. The campaign will prioritise "children who have missed routine immunisation and are most vulnerable to severe illness and complications", according to Unicef. There will also be a particular focus on Dhaka, the densely populated capital, and Cox's Bazar, home to crowded Rohingya refugee camps, Unicef said. (BBC Web page : 06.04.2026 Ali Ahmed)

**TRUMP ISSUES EXPLETIVE-LADEN THREAT TO IRAN OVER HORMUZ STRAIT BLOCKAGE**

US President Donald Trump has published an expletive-laden post on social media in which he threatened to destroy Iran's power plants and bridges if it failed to meet his Tuesday deadline to reopen the Strait of Hormuz to all shipping. He repeated an earlier threat to unleash "hell" but told US media there was a "good chance" of a deal being reached with Tehran. Iran mocked his ultimatum, dismissing it as "helpless, nervous and stupid". Trump's new threat came after he announced that the second crew member of a US fighter jet downed over Iran had been successfully rescued in an operation deep inside hostile territory. Both the US and Iran had scrambled to locate the US serviceman in a mountainous region of south-western Iran. The pilot of the F-15 had been recovered shortly after the aircraft was shot down on Friday. The incident came after more than a month of war, as Iran continued to respond to US and Israeli air strikes with attacks on Gulf nations allied to the two countries. Iran has also significantly impeded transit in the Strait of Hormuz, a vital shipping lane through which about a fifth of the world's oil and gas normally passes, leading to skyrocketing global oil prices and fears of higher inflation around the world.

(BBC Web page : 06.04.2026 Ali Ahmed)

**HOW RESCUE OF US AIRMAN IN REMOTE PART OF IRAN UNFOLDED**

US special forces launched a high-stakes raid into Iran on Sunday to rescue an injured airman left stranded in a remote mountainous region after his aircraft was shot down two days earlier. While many details remain confidential, some information has begun to emerge about how the US raced against the clock and advancing Iranian operatives to find the officer deep inside hostile territory. The airman's ordeal began on Friday when an F-15E Strike Eagle jet was shot down over southwestern Iran - the first incident of its kind in more than 20 years. The two US military personnel on board ejected and, while the pilot was rescued the same day, the second crew member - a weapons operator - became separated and remained stranded in a sparsely populated, rugged region. Official confirmation soon followed swirling reports that a US airman was missing inside a war zone.

(BBC Web page : 06.04.2026 Ali Ahmed)

## :: THE END ::